www.icb.gov.bd

# আইসিবি পরিক্রমা


সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনাবলী
আইসিবির গুরুত্বপূর্ণ কর্মকান্ড
অভ্যন্তরীণ অর্থনীতি
পুঁজিবাজার
পাঠশালা
ইনোভেশন কর্ণার
অভিব্যক্তি
ইয়াংস্টারস্


সংখ্যা ১৯ | আশ্বিন ১৪২৫, সেপ্টেম্বর ২০১৮ | ত্রৈমাসিক নিউজ লেটার




ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
INVESTMENT CORPORATION OF BANGLADESH
TOUCHING THE **BLUE**

# জাতীয় অর্থনীতিতে পুঁজিবাজার এবং আইসিবি

একটি দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়ন নির্ভর করে সে দেশের ধারাবাহিক অর্থনৈতিক কর্মকান্ডে জনগণের সম্পৃক্ত হওয়ার মাধ্যমে। এক্ষেত্রে, পুঁজিবাজার এমন একটি প্লাটফর্ম যেখানে অধিক সংখ্যক জনগণের সম্পৃক্ততা নিশ্চিত করা সম্ভব। বৃহৎ জনগোষ্ঠীর দেশ হিসেবে দেশী বা প্রবাসীদের সঞ্চয়কে দেশের সম্ভাবনাময় খাতে বিনিয়োগের প্রধান ক্ষেত্র হিসেবে সমাদৃত পুঁজিবাজার যা বিনিয়োগকারীগণের বিকল্প আয়ের উৎস হিসেবেও বিবেচিত। বিগত ৪১ বছর যাবৎ দেশের পুঁজিবাজারে সাফল্যের সাথে লাভজনকভাবে কার্যক্রম পরিচালনা করে আসছে বাংলাদেশের একমাত্র রাষ্ট্র মালিকানাধীন বিনিয়োগ প্রতিষ্ঠান ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) যার প্রতিষ্ঠার মুখ্য উদ্দেশ্য ছিল বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান, পুঁজিবাজার উন্নয়ন এবং সঞ্চয় সংগ্রহ। আইসিবি প্রতিষ্ঠার সূচনালগ্ন হতে ইনভেস্টরস্ স্কিম চালুর মাধ্যমে দেশের জনগণকে সর্বপ্রথম পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত করা হয়। বাংলাদেশের ইতিহাসে আইসিবি কর্তৃক মিউচ্যুয়াল ফান্ড ধারণার প্রবর্তন একটি মাইলফলক উদ্যোগ যার ফলস্বরূপ ১৯৮০ ও ১৯৮১ সালে যথাক্রমে ১ম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড ও আইসিবি ইউনিট ফান্ড বাজারজাতকরণের মাধ্যমে দেশের সর্বস্তরের জনগণের মাঝে সঞ্চয় ও বিনিয়োগের ধারণার সৃষ্টি হয়। এরই ধারাবাহিকতায় আইসিবি সৃষ্ট ইনভেস্টরস্ স্কিম, মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড-এর কার্যক্রম স্বীকৃত, নিরাপদ ও লাভজনক বিনিয়োগ মাধ্যম/ইন্সট্রুমেন্ট হিসেবে দেশব্যাপী সফলতার সাথে পরিচালিত হচ্ছে। এ ছাড়া, বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণের মাধ্যমে আইসিবি এ পর্যন্ত বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে জ্বালানী, বিদ্যুৎ, যোগাযোগ ব্যবস্থা, বস্ত্র ও পাট, স্বাস্থ্য, সেবা খাতসহ অন্যান্য ক্ষেত্রে বহু সফল প্রতিষ্ঠান সৃষ্টিতে সহায়ক ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ফলশ্রুতিতে, শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার মাধ্যমে আইসিবি দেশে কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি সফল উদ্যোক্তা সৃষ্টিতেও রেখেছে গুরুত্বপূর্ণ অবদান।

বিগত পাঁচ বছরের গড় জিডিপি প্রবৃদ্ধির হার এবং তদানুযায়ী পুঁজিবাজারের বাজার মূলধন ও জিডিপির অনুপাত লক্ষ্য করলে দেখা যায় যে, বাংলাদেশের পুঁজিবাজার সফলভাবে জাতীয় অর্থনীতিতে অবদান রেখে চলেছে। এক্ষেত্রে, আরও অবদান রাখার লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি এবং আমরা আশাবাদী। উল্লেখ্য, বিগত পাঁচ বছরের পর্যালোচনায় বাংলাদেশের পুঁজিবাজারে প্রতিবছর যে পরিমাণ লেনদেন সংঘঠিত হয়েছে তার প্রায় ১০ শতাংশ লেনদেন বাংলাদেশের একমাত্র রাষ্ট্র মালিকানাধীন বিনিয়োগ প্রতিষ্ঠান আইসিবি এর মাধ্যমে সম্পন্ন হয় যা অর্থনীতির গতিকে আরও বেগবান করার ক্ষেত্রে কার্যকর প্রভাবক হিসেবে কাজ করে থাকে। এক্ষেত্রে, পুঁজিবাজারে বিনিয়োগ করা, সিকিউরিটিজের চাহিদা ও যোগানের সমন্বয় করা, সরকার মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের সিকিউরিটিজ পুঁজিবাজারে অফলোড করা, সরকারের নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের বিশেষ প্রণোদনা প্রদান করা, ইনভেস্টরস্ স্কিমের আওতায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীগণকে সুদ মওকুফ সুবিধা প্রদান, রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহকে যথাযথ সহযোগিতা প্রদানের মাধ্যমে মূল পুঁজিবাজারে ফিরিয়ে আনার মাধ্যমে বিনিয়োগকারীগণের আস্থা ফিরিয়ে আনা অন্যতম। এ ছাড়া, বাংলাদেশের পুঁজিবাজারকে আরও স্বচ্ছ ও জবাবদিহিতার আওতায় আনার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক বিভিন্ন আইন, বিধিমালা প্রণয়নে আইসিবি মতামত প্রদান ও সক্রিয় অংশগ্রহণ অব্যাহত রেখে চলেছে। ফলে পুঁজিবাজারে বিভিন্ন ধরণের কারসাজি রোধ করাসহ পুঁজিবাজারের স্থিতিশীলতা নিশ্চিতকরণ সম্ভবপর হচ্ছে।

# উপদেষ্টা পরিষদ

# সম্পাদনা পরিষদ

## উপদেষ্টা পরিষদ

**উপদেষ্টামন্ডলীর সভাপতি**

প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ
চেয়ারম্যান, আইসিবি পরিচালনা বোর্ড

**উপদেষ্টামন্ডলী**

মুহাম্মদ আলকামা সিদ্দিকী
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোঃ হুমায়ুন কবির
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোঃ আবদুর রহিম
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মনজুর আহমদ
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোহম্মদ শামস্-উল ইসলাম
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোঃ আব্দুছ ছালাম আজাদ
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

সৈয়দ শাহরিয়ার আহসান
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

## সম্পাদনা পরিষদ

**প্রধান সম্পাদক**

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

**সম্পাদকমন্ডলী**

মোঃ মোসাদ্দেক-উল-আলম
উপ-ব্যবস্থাপনা পরিচালক

মোঃ কামাল হোসেন গাজী
মহাব্যবস্থাপক

মোহাম্মদ ইকবাল হোসেন
মহাব্যবস্থাপক

দীপিকা ভট্টাচার্য্য
মহাব্যবস্থাপক

মোঃ রফিকুল ইসলাম
মহাব্যবস্থাপক

মোহাম্মদ শাহজাহান
মহাব্যবস্থাপক

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক

মোঃ নজরুল ইসলাম খান
মহাব্যবস্থাপক

মাজেদা খাতুন
উপ-মহাব্যবস্থাপক

আহাম্মদ জুলকারনাইন সোহেল
সহকারী মহাব্যবস্থাপক

প্রকাশনায়ঃ
প্লানিং এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট
আইসিবি প্রধান কার্যালয়, ঢাকা - ১০০০।
ওয়েবসাইটঃ www.icb.gov.bd ই-মেইলঃ info@icb.gov.bd, icb@agni.com

# সূ | চি


**সম্পাদকীয়** ০৩

**সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনাবলী** ০৪-০৫

- জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশন: প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফর
- আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত প্রধানমন্ত্রী
- বাংলাদেশ বিমানের নতুন সংযোজন ড্রিমলাইনার 'আকাশবীণা'
- মুজিববর্ষ: ২০২০-২১
- চতুর্থ বিমসটেক সম্মেলনে প্রধানমন্ত্রী
- মানব উন্নয়নের বিশ্বমঞ্চে বাংলাদেশের অর্জন

**আইসিবির গুরুত্বপূর্ণ কর্মকাণ্ড** ০৬-১১

- মাননীয় অর্থমন্ত্রীর নিকট আইসিবির নগদ লভ্যাংশের চেক হস্তান্তর
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলি
- জাতীয় শোক দিবসে দোয়া মাহফিল ও দুস্থদের মাঝে খাবার বিতরণ
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে চিত্রাংকন প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তির আয়োজন
- আইসিবির নতুন প্রজন্মের কর্মচারীদের ১৫ আগস্ট শাহাদাত বরণকারীদের কবর জিয়ারত ও বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তথ্যচিত্র প্রদর্শন ও Health Care Service শীর্ষক কর্মশালা
- আইসিবিতে স্বেচ্ছা রক্তদান ক্যাম্প
- আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবকে ফুলেল শুভেচ্ছা
- আইসিবির পরিচালনা বোর্ডের চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা
- আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচ্যুয়াল ফান্ড-কে বে-মেয়াদি স্কিমে রূপান্তর
- জাতীয় পাবলিক সার্ভিস দিবস উপলক্ষ্যে মতবিনিময় সভা
- কর্মশালা ও প্রশিক্ষণ
- ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য বিশেষ প্রণোদনা স্কিম
- আইসিবির শেয়ারের বাজারদর (ডিএসই): জুলাই-সেপ্টেম্বর, ২০১৮

**যোগদান-অবসর গ্রহণ-পদোন্নতি** ১১

**শোক বার্তা** ১১

**অভ্যন্তরীণ অর্থনীতি** ১২

**পুঁজিবাজার** ১৩-১৫

- বাংলাদেশের শেয়ারবাজার: জুলাই-সেপ্টেম্বর, ২০১৮
- বাজার মূলধনের ভিত্তিতে শীর্ষ ৫ কোম্পানি
- লেনদেনের ভিত্তিতে শীর্ষ ৫ কোম্পানি
- সর্বোচ্চ ইপিএস-এর ভিত্তিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত শীর্ষ ৫ কোম্পানি
- সর্বনিম্ন পি/ই-এর ভিত্তিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত শীর্ষ ৫ কোম্পানি
- তালিকাভুক্ত কয়েকটি কোম্পানির আর্থিক বিশ্লেষণ
- বিশ্বের কিছু শেয়ার সূচক

**পাঠশালা** ১৬-১৭

Stock Analysis (Part-2)

**শুদ্ধাচার কর্ণার** ১৭

**এপিএ কর্ণার** ১৭

**ইনোভেশন কর্ণার** ১৮

নাগরিক সেবায় উদ্ভাবন

**অভিব্যক্তি** ১৯

বন্ধু তোমার লাল টুকটুকে স্বপ্ন বেচো না

**ইয়াংস্টারস্** ২০-২২

The Magic of Words

গণিত অলিম্পিয়াডে সাফল্য

জীবন মানে কী?

Mornings

# সম্পাদকীয়

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্ব ও আদর্শে ১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের মাধ্যমে সোনার বাংলা গড়ার প্রত্যয়ে শুরু হয়েছিল বাংলাদেশ নামের অপার সম্ভাবনাময় একটি দেশের যাত্রা। বাংলাদেশের ইতিহাসে কলঙ্কিত অধ্যায় ১৯৭৫ সালের ১৫ আগস্টে দেশবিরোধী ঘাতকচক্রের ষড়যন্ত্রে জাতির পিতার জীবনদীপ নির্বাপিত হলেও আমাদের মাঝে বেঁচে রয়েছে জাতির জনকের স্বপ্ন, প্রত্যয় ও আদর্শ। আইসিবি বঙ্গবন্ধুর আদর্শকে লালন করে জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে দৃঢ় সংকল্পবদ্ধ।

বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার পথে বাংলাদেশ আজ দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকস্ (BBS) কর্তৃক প্রকাশিত ২০১৭-১৮ অর্থবছরের জিডিপির চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী জিডিপি প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৭.৮৬ শতাংশ এবং মাথাপিছু আয় ও মাথাপিছু জিডিপি দাঁড়িয়েছে যথাক্রমে ১,৭৫১ মার্কিন ডলার এবং ১,৬৭৫ মার্কিন ডলার। ২০১৮-১৯ অর্থবছরের প্রথম ত্রৈমাসিকে সাফ চ্যাম্পিয়নশিপ (ফুটবল) সরাসরি সম্প্রচারের মাধ্যমে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর কার্যক্রম শুরু এবং জাতীয় অর্থনৈতিক পরিষদ এর সভায় ১০০ বছর মেয়াদী ব-দ্বীপ পরিকল্পনা (Delta Plan) এর অনুমোদন বাংলাদেশের টেকসই উন্নয়ন এবং নিরবচ্ছিন্ন অগ্রগতির ক্ষেত্রে উল্লেখযোগ্য মাইলফলক। জাতিসংঘের আওতাধীন ফুড অ্যান্ড এগ্রিকালচারাল অর্গানাইজেশন (FAO) কর্তৃক সদ্য প্রকাশিত দি স্টেট অব ফুড অ্যান্ড এগ্রিকালচার শীর্ষক প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশ মিঠাপানির মাছ উৎপাদনে বিশ্বে ৩য় স্থান এবং চাষের মাছ উৎপাদনে বিশ্বে ৫ম স্থান অর্জন করেছে, যা দেশের বিগত বছরসমূহের ধারাবাহিক অগ্রগতি, বিশেষত কৃষি ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্যের পরিচায়ক। উল্লেখ্য যে, এ অর্জনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঝুঁকিপূর্ণ অথচ সম্ভাবনাময় কৃষিভিত্তিক ও তথ্য প্রযুক্তি খাতের শিল্পকে সহায়তার উদ্দেশ্যে গঠিত এবং আইসিবির ব্যবস্থাপনায় পরিচালিত ইইএফ ও সম্প্রতি প্রবর্তিত ইএসএফ ফান্ড উল্লেখযোগ্য অবদান রাখছে।

২০১৮ সালে স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে অভিগমনের প্রাথমিক যোগ্যতা অর্জন দেশ হিসাবে আমাদের একটি উল্লেখযোগ্য অর্জন। এ ছাড়াও, ২০১৮ সালে ৫৭তম সদস্য হিসাবে স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের মর্যাদা প্রাপ্তি আমাদের দেশের মুকুটে আরেকটি বিশেষ অর্জনের পালক। তাই বাংলাদেশকে প্রথমে উন্নয়নশীল দেশ এবং ক্রমান্বয়ে উন্নত দেশ হিসেবে দেখতে আমাদের স্বপ্ন এখন আকাশছোঁয়া। উন্নয়নের অব্যাহত ধারাবাহিকতায় নিজস্ব স্যাটেলাইট এর মাধ্যমে বাংলাদেশ আজ বিবিধ সুবিধা ভোগ করছে এবং সমুদ্র জয়ের মাধ্যমে বাংলাদেশ ধাবিত হচ্ছে অপার সম্ভাবনাময় নীল অর্থনীতির দিকে। সুনীল আকাশ ও নীল সমুদ্রে অবাধ বিচরণের সুযোগ অর্জনের ফলে বাংলাদেশের সামনে উন্মোচিত হয়েছে অবারিত সম্ভাবনার দ্বার।

আইসিবি তার প্রতিষ্ঠালগ্ন হতে ধারাবাহিকভাবে টেকসই প্রবৃদ্ধি ও অগ্রগতি প্রদর্শন করার মাধ্যমে সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড ও নীতি বাস্তবায়নে বিশ্বস্ত সহযোগী হিসেবে নিজেকে প্রমাণ করেছে। আইসিবি একটি সুদৃঢ় পুঁজিবাজার গঠন এবং উন্নয়নের মাধ্যমে সমৃদ্ধ অর্থনীতির বাংলাদেশ গড়ার রূপকল্পে নিরন্তর কর্মপ্রচেষ্টা অব্যাহত রেখেছে। মহাকাশ এবং সমুদ্র জয়ের ফলে বাংলাদেশের সামনে যে সম্ভাবনাময় আলোকিত ভবিষ্যতের আকাশচুম্বী সুযোগ দেখা দিয়েছে - আকাশ ছোঁয়ার সে স্বপ্ন সফল করার লক্ষ্যে অব্যাহত কর্মপ্রচেষ্টার অংশ হিসেবে আইসিবি আন্তরিকভাবে স্বীয় কর্মকান্ড পরিচালনায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাথে একাত্মতা ঘোষণা করেছে।

# সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনাবলী

## জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশন: প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফর



জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে যোগদানসহ অন্যান্য কর্মসূচিতে অংশগ্রহণের জন্য ২১-৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে যুক্তরাষ্ট্র সফর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ বছর সাধারণ পরিষদের অধিবেশনের প্রতিপাদ্য ছিল 'মেকিং দ্যা ইউনাইটেড নেশন্স রিলেভেন্ট টু অল পিপল: গ্লোবাল লিডারশীপ এন্ড শেয়ারড রেসপন্সিবিলিটিজ ফর পিসফুল, ইক্যুইটেবল এন্ড সাসটেইনেবল সোসাইটিজ'। ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের একমাত্র সরকার প্রধান হিসেবে টানা দশম বারের মতো জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে গুরুত্বপূর্ণ ভাষণ প্রদান করেন। প্রধানমন্ত্রী তার ভাষণে চলমান রোহিঙ্গা সমস্যার উপর গুরুত্ব আরোপ করে জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি মিয়ানমারের রাখাইন রাজ্যের সকল বেসামরিক নাগরিকের নিরাপত্তা রক্ষা এবং রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে আশু ও কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। তিনি বিশ্ব শান্তি ও নিরাপত্তার স্বপক্ষে তাঁর অবস্থান উল্লেখ করে সকল প্রকার যুদ্ধ বিগ্রহ ও বৈষম্যের অবসান ঘটানোর আহ্বান জানান। এ ছাড়া, তিনি নিরাপদ অভিবাসন, শরণার্থী সংকট, জলবায়ু পরিবর্তন, এসডিজি এবং আর্থ-সামাজিক উন্নয়নের মতো বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে গৃহীত পদক্ষেপসহ বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়ন অর্জনে তাঁর দৃঢ় সংকল্প তুলে ধরেন। সফরে প্রধানমন্ত্রী নেলসন ম্যান্ডেলা পিস সামিটে অংশগ্রহণ, জাতিসংঘ মহাসচিবসহ বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকসহ বিভিন্ন অনুষ্ঠানে যোগ দেন।

## আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত প্রধানমন্ত্রী






জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক বার্তা ইন্টার প্রেস সার্ভিস (আইপিএস) প্রদত্ত সম্মানজনক 'ইন্টারন্যাশনাল অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড' গ্রহণ করেন। মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত ১০ লক্ষাধিক রোহিঙ্গা নাগরিককে আশ্রয় দানের মাধ্যমে মানবিকতার উদাহরণ সৃষ্টি করায় তাঁকে এই পদকে ভূষিত করা হয়। পাশাপাশি দূরদৃষ্টির মাধ্যমে রোহিঙ্গা সংকট মোকাবিলার জন্য গ্লোবাল হোপ কোয়ালিশনের পরিচালনা পর্ষদ প্রধানমন্ত্রীকে '২০১৮ স্পেশাল রিকগনাইজেশন ফর আউটস্ট্যান্ডিং লিডারশিপ অ্যাওয়ার্ড'-এ ভূষিত করেন।

## বাংলাদেশ বিমানের নতুন সংযোজন ড্রিমলাইনার 'আকাশবীণা'

চতুর্থ প্রজন্মের সর্বাধুনিক প্রযুক্তি ও সুযোগ-সুবিধার বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার 'আকাশবীণা' সংযুক্ত হওয়ার মধ্য দিয়ে নতুন মাইলফলক স্পর্শ করেছে বাংলাদেশ বিমান। ০৫ সেপ্টেম্বর ২০১৮ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ বিমানের বহরে যুক্ত হওয়া ড্রিমলাইনারটি উদ্বোধন করেন। টানা ১৬ ঘণ্টা এবং ঘণ্টায় ৬৫০ মাইল বেগে উড়তে সক্ষম বিমানটি প্রাথমিকভাবে ঢাকা-সিঙ্গাপুর ও ঢাকা-কুয়ালালামপুর রুটে চলাচল করবে। ইঞ্জিন প্রস্তুতকারক প্রতিষ্ঠান জেনারেল ইলেক্ট্রিক (জিই) এর তৈরি বিমানটি নিয়ন্ত্রিত হবে ইলেক্ট্রিক ফ্লাইট সিস্টেমে। কম্পোজিট ম্যাটেরিয়াল দিয়ে তৈরি হওয়ায় এই বিমান ওজনে হালকা এবং চালাতে অন্যান্য বিমানের তুলনায় ২০ শতাংশ জ্বালানি সাশ্রয় হবে। যাত্রীদের ভ্রমন নিরাপদ ও আনন্দময় করতে এ বিমানে ওয়াইফাই এবং ফোন কল করার সুবিধা রয়েছে।




## মুজিব বর্ষ: ২০২০-২১



২০২০ সালের ১৭ মার্চ পূর্ণ হবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী এবং ২০২১ সালের ২৬ মার্চ হবে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। জাতির পিতার জন্মশত বার্ষিকী ও তার দীর্ঘ সংগ্রামের ফসল স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের লক্ষ্যে আগামী ২০২০-২১ সালকে 'মুজিব বর্ষ' হিসেবে পালনের ঘোষণা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বছরব্যাপী ব্যাপক কর্মসূচি এবং সকল বয়স ও শ্রেণি পেশার মানুষের সম্পৃক্ততায় মুজিব বর্ষ পালন করা হবে। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের কর্মসূচি, জেলহত্যা দিবসের কর্মসূচিসহ অন্যান্য কর্মসূচির সঙ্গে সমন্বয় করে সরকারিভাবে 'মুজিব বর্ষ' পালনের ঘোষণা করা হয়। মুজিব বর্ষ উপলক্ষ্যে বঙ্গবন্ধুকে নিয়ে পাকিস্তান সরকারের গোয়েন্দা সংস্থার প্রতিবেদনের সঙ্কলন, আগরতলা ষড়যন্ত্র মামলার সঙ্কলন এবং বাংলা ও ইংরেজিতে 'বঙ্গবন্ধুর স্মৃতিকথা' প্রকাশ করা হবে।


## চতুর্থ বিমসটেক সম্মেলনে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৩০ ও ৩১ আগস্ট নেপালের রাজধানী কাঠমান্ডুতে অনুষ্ঠিত চতুর্থ বিমসটেক শীর্ষ সম্মেলনে যোগ দিতে দুই দিনের সরকারি সফরে নেপাল যান। ৭টি আঞ্চলিক দেশের নেতাদের নিয়ে অনুষ্ঠিত এ সম্মেলনের মূল লক্ষ্য দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক জোরদারের মাধ্যমে একটি সেতুবন্ধন তৈরি করা। এই সম্মেলনের মূল প্রতিপাদ্য ছিলো, 'টুওয়ার্ডস অ্যা পিসফুল, প্রসপেরাস অ্যান্ড সাসটেইনেবল বে অব বেঙ্গল রিজিয়ন'। বিমসটেক সম্মেলন ভাষণে শেখ হাসিনা মুক্ত বাণিজ্য অঞ্চল সৃষ্টি, বিনিয়োগ ও জ্বালানি খাতে যৌথ প্রচেষ্টা, জনগণের মধ্যে যোগাযোগ এবং অর্থায়ন প্রক্রিয়া গড়ে তোলার মাধ্যমে বিমসটেক ফোরামে সহযোগিতা সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বিমসটেক জাতিভুক্ত দেশসমূহকে যৌথভাবে দারিদ্র্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সন্ত্রাস ও অন্যান্য সমস্যা মোকাবেলা করা, অগ্রাধিকার ভিত্তিতে তিনটি প্রধান ক্ষেত্র- 'টেকসই উন্নয়ন', 'নিরাপত্তা ও স্থিতিশীলতা' এবং 'জনগণের সঙ্গে জনগণের যোগাযোগ'-এর পুনর্গঠনের মাধ্যমে আরও গতিশীল ও ফলপ্রসু সংগঠন হিসেবে বিমসটেককে উন্নীত করার লক্ষ্যে একযোগে কাজ করা, মুক্ত বাণিজ্য অঞ্চল, বিনিয়োগ বৃদ্ধি, বিদ্যুৎ খাতে



সহযোগিতা এবং পুঁজি বিনিয়োগের ওপর গুরুত্বারোপ করেন। চতুর্থ বিমসটেক সম্মেলনে দ্বিতীয় ও শেষ দিনে জোটের সদস্য দেশগুলির মধ্যে বিমসটেক পাওয়ার গ্রিড আন্তঃসংযোগ সম্পর্কিত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। সম্মেলনের পাশাপাশি প্রধানমন্ত্রী নেপাল, ভুটান এবং ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে অংশগ্রহণ করে আঞ্চলিক সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন।

## মানব উন্নয়নের বিশ্বমঞ্চে বাংলাদেশের অর্জন




জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির মানব উন্নয়ন সূচকে (এইচডিআই) তিন ধাপ উন্নতি লাভ করেছে বাংলাদেশ। ১৪ সেপ্টেম্বর ২০১৮ ইউএনডিপির ওয়েবসাইটে প্রকাশিত মানব উন্নয়ন প্রতিবেদন অনুযায়ী, ১৮৯টি দেশকে নিয়ে করা সূচকে বাংলাদেশ অর্জন করেছে ১৩৬তম স্থান। বিশ্বের বিভিন্ন দেশের স্বাস্থ্য, শিক্ষা, আয় ও সম্পদের উৎস, বৈষম্য, লৈঙ্গিক সমতা, দারিদ্র্য, কর্মসংস্থান, নিরাপত্তা, বাণিজ্য ও আর্থিক প্রবাহ, যোগাযোগ, পরিবেশের ভারসাম্য ও জনমিতির তথ্য বিশ্লেষণ করে মানব উন্নয়ন সূচক তৈরি করে ইউএনডিপি। এসব মাণদন্ড মিলিয়ে এবার বাংলাদেশের এইচডিআই স্কোর দাঁড়িয়েছে ০.৬০৮ যা গতবছর ছিল ০.৫৭৯। গড় আয়ু, মাথাপিছু আয়, শিক্ষা ও জীবনযাত্রার মানসহ অন্যান্য সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করায় প্রতিবেশি অন্যান্য দেশের তুলনায় স্বল্প সময়ে মানব উন্নয়ন সূচকে অগ্রগতি অর্জন করেছে বাংলাদেশ।

# আইসিবির গুরুত্বপূর্ণ কর্মকান্ড (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮)

## মাননীয় অর্থমন্ত্রীর নিকট আইসিবির নগদ লভ্যাংশের চেক হস্তান্তর



আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ, ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. মোসাদ্দেক-উল-আলম মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এর নিকট আইসিবির ২০১৬-১৭ অর্থবছরে ঘোষিত লভ্যাংশ থেকে সরকারের প্রাপ্য নগদ লভ্যাংশ বাবদ ৫১,৭৮,২৫,৩০৪.৯৪ (একান্ন কোটি আটাত্তর লাখ পঁচিশ হাজার তিনশত চার দশমিক নয় চার) টাকার চেক হস্তান্তর করেন। উক্ত অনুষ্ঠানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব কামরুন নাহার আহমেদ ও মোঃ নাসির উদ্দিন আহমেদসহ আইসিবির উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলি

ধানমন্ডির ৩২ নম্বর সড়কে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন করেছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)। এ সময় উপস্থিত ছিলেন আইসিবির পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ, ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. মোসাদ্দেক-উল-আলম। এ ছাড়া, কর্পোরেশনের মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপকগণ ও সর্বস্তরের কর্মচারীগণ এ সময় উপস্থিত ছিলেন।



## জাতীয় শোক দিবসে দোয়া মাহফিল ও দুস্থদের মাঝে খাবার বিতরণ





১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর প্রধান কার্যালয়ের নামায ঘরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার পরিজনদের আত্মার মাগফেরাত কামনা করে পবিত্র কোরআন খতম ও বিশেষ দোয়ার আয়োজন করা হয়। সকালে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। এ ছাড়া, দুপুরে অসচ্ছল ও দুস্থদের মাঝে খাবার বিতরণ করেন আইসিবির পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ, কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. মোসাদ্দেক-উল-আলম। এ সময় আরও উপস্থিত ছিলেন কর্পোরেশনের মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপকগণ ও সর্বস্তরের কর্মচারীগণ।



## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা






১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু পরিষদ আইসিবি শাখার উদ্যোগে ১৬ আগস্ট ২০১৮ তারিখ আইসিবি প্রধান কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এম.পি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ। এ ছাড়া, অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মোঃ মশিউর রহমান, প্রো-ভিসি, জাতীয় বিশ্ববিদ্যালয়, মিসেস নীলিমা আক্তার, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, লায়ন হামিদুল আলম সখা, সভাপতি, স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ, কেন্দ্রীয় কমিটি, অ্যাডভোকেট দিদার আলী, সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ, ঢাকা মহানগর, মোঃ মোসাদ্দেক-উল-আলম, উপ-ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি।



সম্মানিত আলোচকবৃন্দ বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর আলোকপাত করেন।

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে চিত্রাংকন প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তির আয়োজন









১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কর্পোরেশন ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কর্মচারীগণের সন্তানদের অংশগ্রহণে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হয়। এ ছাড়া, কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক এর সভাপতিত্বে ০৯ আগস্ট ২০১৮ তারিখ কবিতা আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। চিত্রাংকন প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তিতে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

## আইসিবির নতুন প্রজন্মের কর্মচারীদের ১৫ আগস্ট শাহাদাত বরণকারীদের কবর জিয়ারত ও বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন







১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কর্পোরেশনের নতুন প্রজন্মের কর্মচারীগণ বনানীতে অবস্থিত ১৫ আগস্টে শাহাদাত বরণকারীদের কবর জিয়ারত করেন ও পরবর্তীতে ধানমন্ডিস্থ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন আইসিবির পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ ও ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক। এ ছাড়া, কর্পোরেশনের মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপকগণ ও সর্বস্তরের কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তথ্যচিত্র প্রদর্শন ও Health Care Service শীর্ষক কর্মশালা






১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ৩০ আগস্ট ২০১৮ তারিখ কর্পোরেশনের প্রশিক্ষণ কেন্দ্রের উদ্যোগে তথ্যচিত্র প্রদর্শন ও Health Care Service শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপকগণসহ বিভিন্ন স্তরের কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

## আইসিবিতে স্বেচ্ছা রক্তদান ক্যাম্প










১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর উদ্যোগে ও কোয়ান্টাম ফাউন্ডেশন এর সহযোগিতায় ৯ আগস্ট ২০১৮ তারিখ কর্পোরেশনের প্রধান কার্যালয়ে সেচ্ছায় রক্তদান ক্যাম্প করা হয়। স্বেচ্ছায় রক্তদান ক্যাম্প উদ্বোধন করেন আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ। উক্ত ক্যাম্পে বিশেষ অতিথি হিসেবে আইসিবির ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মোসাদ্দেক-উল-আলম উপস্থিত ছিলেন। এ ছাড়া, কর্মসূচিকে সফল করতে আইসিবির সর্বস্তরের কর্মচারীগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

## আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবকে ফুলেল শুভেচ্ছা

জনাব মোঃ আসাদুল ইসলাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব হিসেবে নিয়োগ লাভ করায় ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানান আইসিবির পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ, ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মোসাদ্দেক-উল-আলম।



## আইসিবির পরিচালনা বোর্ডের চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা এর ১২ আগস্ট ২০১৮ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদকে আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান হিসেবে ১০ নভেম্বর ২০১৭ তারিখ হতে আগামী তিন বছরের জন্য পুনঃনিয়োগ প্রদান করায় ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালনা বোর্ড এর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এ সময় পরিচালনা বোর্ড এর সদস্যগণসহ ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও আইসিবির ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচ্যুয়াল ফান্ড-কে বে-মেয়াদি স্কিমে রূপান্তর

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইসিবিএএমসিএল) পরিচালিত ১০ (দশ) বছর মেয়াদি আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচ্যুয়াল ফান্ডের মেয়াদ ৩১ মে ২০১৮ তারিখে পূর্ণ হওয়ার প্রেক্ষিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর জারীকৃত "সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা ২০০১" অনুযায়ী স্কিমটিকে মেয়াদি থেকে বে-মেয়াদি স্কিমে রূপান্তর সংক্রান্ত ইউনিট মালিকগণের বিশেষ সভা ০১ আগস্ট ২০১৮ তারিখ হোটেল পূর্বাণী ইন্টারন্যাশনাল লিমিটেড, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইউনিট মালিকদের মোট ধারণকৃত ইউনিটের তিন চতুর্থাংশের বেশি স্কিমটিকে মেয়াদি থেকে বে-মেয়াদি স্কিমে রূপান্তর প্রস্তাবের পক্ষে ভোট প্রদান করেন। কর্পোরেশনের পরিচালনা বোর্ডের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণসহ ইউনিট মালিকগণ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



# জাতীয় পাবলিক সার্ভিস দিবস উপলক্ষ্যে মতবিনিময় সভা



জাতীয় পাবলিক সার্ভিস দিবস ২০১৮ উপলক্ষ্যে এক মতবিনিময় সভা ২৩ জুলাই ২০১৮ তারিখ আইসিবির ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক এর সভাপতিত্বে কর্পোরেশনের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়।



উক্ত সভায় কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপকগণসহ বিভিন্ন স্তরের কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

# কর্মশালা ও প্রশিক্ষণ

কর্পোরেশনের জন্য একটি প্রশিক্ষিত ও সুদক্ষ কর্মীবাহিনী গঠন করা আইসিবির অন্যতম প্রধান উদ্দেশ্য। এ উদ্দেশ্যকে সামনে রেখে বিভিন্ন স্তরের কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আইসিবি সময়ে সময়ে প্রয়োজন অনুযায়ী নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র ও অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে উন্নত ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০১৮ সালের জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত সময়ে বিভিন্ন স্তরের কর্মচারীগণকে বিভিন্ন মেয়াদে দেশ/বিদেশের বিভিন্ন স্বনামধন্য প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান যেমন- BIBM, BICM, BIM, NAPD, BIPD, Rapport Bangladesh Ltd., National Institute of Bank Management, India (Pune), ICLIF (Thailand), Bangkok School of Management (BSM) এবং ICB এর নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ প্রদান করা হয়। আলোচ্য সময়ে বিভিন্ন প্রশিক্ষণের ফ্রেমবন্দি স্মৃতি ঃ

# Snaps of Internal Training Programme




*Advance Course on Financial Modeling*



*Nagorik Sebay Udvabon*

# Snaps of Foreign Training Programme



*4th Annual Infrastructure Project Financing (Singapore)*





*Risk Management & Current Trends in Financial Sector, Frankfurt, Germany*

## ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল

পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তার জন্য সরকার বিশেষ সহায়তা তহবিল নামে ৯০০.০০ কোটি টাকার একটি তহবিল গঠন করে এবং এর ব্যবস্থাপনার দায়িত্ব আইসিবির উপর অর্পণ করা হয়। এ তহবিল হতে ৩৪টি মার্চেন্ট ব্যাংক ও ব্রোকারেজ হাউজের মাধ্যমে মোট ৩৫,৫২৭ জন ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীকে ৮৯৮.৬৪ কোটি টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়েছে। ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত এ তহবিলের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

(কোটি টাকায়)

| বিবরণ | আবেদন | | মঞ্জুরি | | বিতরণ | | আদায় | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ |
| মার্চেন্ট ব্যাংক | ২৩ | ৬২০.৩৬ | ২২ | ৬২০.৩৬ | ১৮ | ৫৮৩.৪৫ | ১৮ | ৫০১.০৩ |
| ব্রোকারেজ হাউস | ২৫ | ৩৯৮.৫২ | ২১ | ৩৯৮.৫২ | ১৬ | ৩১৫.১৯ | ১৬ | ২৪৪.৩৯ |
| **মোট** | **৪৮** | **১০১৮.৮৮** | **৪৩** | **১০১৮.৮৮** | **৩৪** | **৮৯৮.৬৪** | **৩৪** | **৭৪৫.৪২** |

## আইসিবির শেয়ারের বাজারদর (ডিএসই): জুলাই-সেপ্টেম্বর, ২০১৮

(টাকায়)

| | প্রারম্ভিক | সর্বোচ্চ | সর্বনিম্ন | সমাপণী |
|---|---|---|---|---|
| জুলাই | ১৪৫.৫০ | ১৪৫.৫০ | ১৩৮.২০ | ১৩৯.৩০ |
| আগস্ট | ১৪১.৩০ | ১৪৪.৫০ | ১৩৫.১০ | ১৩৯.৯০ |
| সেপ্টেম্বর | ১৩৮.৭০ | ১৩৯.২০ | ১২৬.০০ | ১২৬.০০ |

## যোগদান-অবসর গ্রহণ-পদোন্নতি

কর্মজীবনের সায়াহ্নে আইসিবি থেকে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ অবসর গ্রহণ করেন। ২০১৮ সালের জুলাই থেকে সেপ্টেম্বর প্রান্তিকে কর্পোরেশন থেকে ১৬ আগস্ট ২০১৮ তারিখে জনাব মোঃ নুরুল ইসলাম (সিনিয়র প্রিন্সিপাল অফিসার) অবসর গ্রহণ করেন। আমরা কর্পোরেশনের পক্ষ থেকে অবসর গ্রহণকারীর সুখ, সমৃদ্ধি ও দীর্ঘায়ু কামনা করছি।

কর্পোরেশনের কর্মচারীদের মনোবল বৃদ্ধি, কর্ম পরিবেশ উন্নয়ন ও অধিকতর কর্মদক্ষ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পদোন্নতি একটি প্রধান প্রণোদনা হিসেবে কাজ করে। সে লক্ষ্যে ২০১৮ সালের জুলাই থেকে সেপ্টেম্বর প্রান্তিকে কর্পোরেশনের ০৩ জন কর্মচারীকে গ্রেড ৪ হতে গ্রেড ৩, ০৩ জন কর্মচারীকে গ্রেড ৫ হতে গ্রেড ৪, ১৬ জন কর্মচারীকে গ্রেড ০৬ হতে গ্রেড ০৫, ৩০ জন কর্মচারীকে গ্রেড ০৯ হতে গ্রেড ০৬, ০৫ জন কর্মচারীকে গ্রেড ১০ হতে গ্রেড ০৯, ২ জন কর্মচারীকে গ্রেড ১৬ হতে গ্রেড ১৩, ০১ জন কর্মচারীকে গ্রেড ১৭ হতে গ্রেড ১৪, ১ জন কর্মচারীকে গ্রেড ২০ হতে গ্রেড ১৬ এবং ১ জন কর্মচারীকে গ্রেড ২০ হতে গ্রেড ১৭ পর্যায়ে পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীগণকে আমরা কর্পোরেশনের পক্ষ হতে অভিনন্দন জানাচ্ছি।

## শোক বার্তা

গভীর শোক ও দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, গত ১২ জুলাই ২০১৮ তারিখে কর্পোরেশনের সিনিয়র অফিসার মিজ্ সালমা আক্তার এর মাতা রাহেলা খাতুন, ২২ জুলাই ২০১৮ তারিখে সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ শফিউল আলম এর স্ত্রী নাসরিন সুলতানা ও সহকারী প্রোগ্রামার মোঃ আল আমিন হোসাইন এর মাতা মোমেনা বেগম, ২৩ জুলাই ২০১৮ তারিখে ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর জনাব সামছুল হক দেওয়ান এর পিতা জনাব মোঃ মফিজুল দেওয়ান এবং ১৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অফিস সহায়ক জনাব মোঃ মনিরুজ্জামান এর পিতা জনাব আব্দুল বারিক ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আমরা কর্পোরেশনের পক্ষ হতে সকল মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং তাঁদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।

# অভ্যন্তরীণ অর্থনীতি

সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সবচেয়ে বড় অর্জন 'উন্নয়নশীল' দেশের মর্যাদায় উন্নীত হওয়া। ১৯৭৫ সালের পর থেকে বাংলাদেশ এলডিসি অর্থাৎ স্বল্পোন্নত দেশের শেকলে আটকা ছিল। উন্নয়নশীল দেশে মানোন্নয়নের ফলে দীর্ঘ ৪৩ বছরের প্রতীক্ষার অবসান হলো সাম্প্রতিক সময়ে অর্থনৈতিক বিশ্লেষকগণ বিশ্বের যেসব দেশের অর্থনীতির আকার দ্রুত বৃদ্ধি পাবে বলে পূর্বাভাস দিয়েছেন সেই তালিকায় বাংলাদেশ রয়েছে সবার ওপরে। এই পরিপ্রেক্ষিতে এইচএসবিসি গ্লোবাল রিসার্চ বাংলাদেশকে 'বিগেস্ট রাইজার্স বা সবচেয়ে দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ' হিসেবে অভিহিত করেছে। বেসরকারি খাতে বিনিয়োগ বৃদ্ধি, রপ্তানি আয় ও রেমিটেন্স প্রবাহের ইতিবাচক ধারা অব্যাহত থাকায় আগামী ১২ বছরে বাংলাদেশের অর্থনীতি বৈশ্বিক র‌্যাঙ্কিংয়ে ১৬ ধাপ এগিয়ে ২৬তম অবস্থানে আসবে বলে আশা করা যায়।

বাংলাদেশ ব্যাংক এর পরিসংখ্যান অনুযায়ী জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ ত্রৈমাসিক এর জাতীয় পর্যায়ের মূল্যস্ফীতি এর চিত্র নিম্নে প্রদর্শিত হলো ঃ

| মূল্যস্ফীতির হার (ভিত্তি বছর: ২০০৫-০৬) | জুলাই ২০১৮ | আগস্ট ২০১৮ | সেপ্টেম্বর ২০১৮ |
|---|---|---|---|
| পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে | ৫.৫১% | ৫.৪৮% | ৫.৪৩% |
| মাসিক গড় ভিত্তিতে (১২ মাস) | ৫.৭৮% | ৫.৭৪% | ৫.৬৮% |

সেপ্টেম্বর, ২০১৮ এ মোট টাকার যোগান দাঁড়িয়েছে ১,১১,৮৮,৯৪৬ মিলিয়ন টাকা যা বিগত বছরের একই মাসের তুলনায় প্রায় ৯ শতাংশ বেশি।

বৈদেশিক রিজার্ভ সেপ্টেম্বর, ২০১৭ এর ৩২,৮১৬.৬ মিলিয়ন মার্কিন ডলার হতে প্রায় ৮০০ মিলিয়ন মার্কিন ডলার কমে সেপ্টেম্বর, ২০১৮ শেষে ৩১,৯৫৭.৭ মিলিয়ন মার্কিন ডলার এ দাঁড়িয়েছে।

এনবিআর এর জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ মাসের কর আদায় এর পরিমাণ প্রায় ১৭,৪০০.৮৪ কোটি টাকা যা গত বছরের একই সময়ে ছিল ১৫,৭৫২.১৫ কোটি টাকা এবং যা বিগত বছরের একই সময়ের চেয়ে ১০ শতাংশ বেশি।

ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ ত্রৈমাসিকে প্রতি মাসের শেষ কর্মদিবস অনুযায়ী ইনডেক্স ও বাজার মূলধনের পরিবর্তন নিম্নে প্রদত্ত হলোঃ

| স্টক এক্সচেঞ্জ | ইনডেক্স | ৩১ জুলাই ২০১৮ | ৩১ আগস্ট ২০১৮ | ২৮ সেপ্টেম্বর ২০১৮ |
|---|---|---|---|---|
| ঢাকা স্টক এক্সচেঞ্জ | ডিএসইএক্স ইনডেক্স | ৫৩০২.৬৪ | ৫৬০০.৬৪ | ৫৩৬৮.৯৬ |
| চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ | সিএসসিএক্স ইনডেক্স | ৯৮৬১.৭২ | ১০৪৪৩.১০ | ৯৯৮৪.২৩ |

সেপ্টেম্বর, ২০১৮ মাসে ব্যাংক সুদের স্প্রেড হার ৪.২৭ শতাংশে ছিল যা সেপ্টেম্বর, ২০১৭ তে ছিল ৪.৫৫ শতাংশ।

২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক এর রেমিটেন্স আয় ও রপ্তানি আয়ের সাথে ২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক এর রেমিটেন্স আয় ও রপ্তানি আয়ের তুলনামূলক চিত্র নিম্নে বর্ণিত হলোঃ

(মিলিয়ন ডলারে)

| খাতসমূহ | ২০১৭-১৮ অর্থ বছর | | | ২০১৮-১৯ অর্থবছর | | |
|---|---|---|---|---|---|---|
| | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর |
| রেমিটেন্স আয় | ১১১৫.৫৭ | ১৪১৮.৫৮ | ৮৫৬.৮৭ | ১৩১৮.১৮ | ১৪১১.০৫ | ১১২৭.৩৬ |
| রপ্তানি আয় | ২৯৮৭.৬৬ | ৩৬৪০.৯৪ | ২০৩৪.১৩ | ৩৫৮১.৪৮ | ৩২১৩.৫৪ | ৩১৪৫.৫৮ |

বাংলাদেশ ব্যাংকের ব্যালেন্স অব পেমেন্ট পরিসংখ্যান অনুযায়ী ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর এর বাণিজ্য ভারসাম্যের ঘাটতি ১,৫৬৪ মিলিয়ন মার্কিন ডলার এর তুলনায় ২০১৮-১৯ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর এর বাণিজ্য ভারসাম্যের ঘাটতি ৩,৬৫০ মিলিয়ন মার্কিন ডলার হয়েছে।

বাংলাদেশ ব্যাংক এর পরিসংখ্যান অনুযায়ী সেপ্টেম্বর, ২০১৮ এর বিভিন্ন আন্তর্জাতিক কারেন্সির বিপরীতে টাকার মূল্য নিম্নে প্রদর্শিত হলোঃ

(২৮.০৯.২০১৮ তারিখে)

| আন্তর্জাতিক কারেন্সি | ক্রয়মূল্য (টাকায়) | বিক্রয়মূল্য (টাকায়) |
|---|---|---|
| ১ মার্কিন ডলার | ৮০.৮০ | ৮০.৮০ |
| ১ ইউরো | ৯৫.৪৪ | ৯৫.৪৭ |
| ১ গ্রেট ব্রিটেন পাউন্ড | ১০৮.২৪ | ১০৮.২৬ |
| ১ জাপানি ইয়েন | ০.৭২ | ০.৭২ |
| ১ ইন্ডিয়ান রুপি | ১.২৪ | ১.২৪ |

সম্ভাবনার পাশাপাশি বাংলাদেশের সামনে কিছু চ্যালেঞ্জও রয়েছে। বাংলাদেশের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলা। শক্তিশালী অভ্যন্তরীণ চাহিদা ও কাঠামোগত পরিবর্তনের ফলে প্রবৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখার পাশাপাশি প্রবৃদ্ধির উচ্চাকাঙ্খা অর্জন করতে হলে বাংলাদেশের বেসরকারি খাতকে চাঙ্গা করার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করতে হবে। এক্ষেত্রে রফতানি বহুমুখীকরণ, মানব সম্পদ উন্নয়ন, আর্থিক খাতের সুশাসনে উন্নতি এবং গ্রহণযোগ্য বিদ্যুৎ সরবরাহ জরুরী। বেসরকারি বিনিয়োগ বৃদ্ধির জন্য ওয়ান স্টপ সার্ভিস আইন যথাযথ বাস্তবায়ন, এনবিআরের সিঙ্গেল উইন্ডো কার্যকর, বন্দর ব্যবস্থাপনার দক্ষতা বাড়ানো, বিদ্যুত খাতে অপচয় কমিয়ে আনতে হবে। বাংলাদেশকে উচ্চ মধ্যম আয়ের দেশ হতে হলে এখনই অর্থনৈতিক ভিত্তিগুলো ঠিক করতে হবে। দ্রুত মূল্যস্ফীতি, যথাযথ বিনিময় হার ও সুদ হারের অসামঞ্জস্যতা দূর করার বিষয়ে নীতি গ্রহণ করতে হবে।

**সূত্রঃ**

1.www.bb.org.bd
2.www.bbs.gov.bd
3. www.dsebd.org
4. www.cse.com.bd

# পুঁজিবাজার

৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ডিএসইএক্স মূল্য সূচক দাঁড়ায় ৫,৩৬৮.৯৬ পয়েন্ট-এ যা জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ প্রান্তিকের শুরুতে ছিল ৫,৩২২.৪১ পয়েন্ট।

এ ছাড়া, ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ডিএসই এর বাজার মূলধনায়ন ও দৈনিক লেনদেন দাঁড়ায় যথাক্রমে ৩৮,৭৬,৮৪২.০২ ও ৫,১৬৪.২৪ মিলিয়ন টাকায় যা জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ প্রান্তিকের শুরুতে ছিল ৩৮,২৭,০৬১.৮০ ও ৭,৮৪৭.৫৩ মিলিয়ন টাকা।

অপরদিকে, ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সিএসসিএক্স মুল্য সূচক দাঁড়ায় ৯,৯৮৪.২৩ পয়েন্ট-এ যা জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ প্রান্তিকের শুরুতে ছিল ৯,৮৯৬.৪০ পয়েন্ট।

এ ছাড়া, ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সিএসই-এর বাজার মূলধনায়ন ও দৈনিক লেনদেন দাঁড়ায় যথাক্রমে ৩১,৭৩,৮০২.১০ ও ৩,২৭৩.৩৬ মিলিয়ন টাকায় যা জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ প্রান্তিকের শুরুতে ছিল যথাক্রমে ৩১,৩৩,৫২৯.৮৭ ও ৪২৬.০৪ মিলিয়ন টাকা।

## এক নজরে বাংলাদেশের শেয়ারবাজার: জুলাই-সেপ্টেম্বর, ২০১৮

| | ডিএসই | | | | | সিএসই | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | মোট লেনদেন (সংখ্যা) | মোট লেনদেন (শেয়ার) | মোট লেনদেন (মিলিয়ন টাকা) | বাজার মূলধন (মিলিয়ন টাকা) | ডিএসইএক্স | মোট লেনদেন (সংখ্যা) | মোট লেনদেন (শেয়ার) | মোট লেনদেন (মিলিয়ন টাকা) | বাজার মূলধন (মিলিয়ন টাকা) | সিএসসিএক্স |
| ০২-০৭-২০১৮ | ১৯৩২১০ | ১৬৪১৯৩০২১ | ৭৮৪৭.৫৩ | ৩৮২৭০৬১.৮০ | ৫৩২২.৪১ | ২১৯১৪ | ৮৭৮৩২৪৫ | ৪২৬.০৪ | ৩১৩৩৫২৯.৮৭ | ৯৮৯৬.৪০ |
| ০৫-০৭-২০১৮ | ২০১৬১৩ | ২০৭৯৬১৬৮৪ | ৯০২৮.৩৪ | ৩৮৬৩৯৫২.৮২ | ৫৩৬২.২৮ | ১৬৮৯৪ | ১৬৫৫৪৮৭৩ | ১৩৫৯.৫৭ | ৩১৬২৮২৫.৭০ | ৯৯৮৩.৫৫ |
| ১২-০৭-২০১৮ | ১৬৯০৩১ | ১৮৬৫০০৯৮৯ | ৮৫২৯.৭৬ | ৩৮৬৮৭৭৩.৫৯ | ৫৩৫৮.৯১ | ১৪৮০২ | ১২৬২২৮৪৬ | ৪৮১.৭১ | ৩১৭২৫০৭.০৮ | ৯৯৯৩.৪০ |
| ১৯-০৭-২০১৮ | ১৯০৬৯৮ | ১৮৮৯৩৮৬৫৯ | ৯১২২.৩১ | ৩৮৭০৪৬৮.৭২ | ৫৩৩৭.৪২ | ১৩৮৩৬ | ১০০১৫৪০৩ | ১৫২১.৪৬ | ৩১৮১৩০৬.৭৫ | ৯৯৫০.৬৩ |
| ২৬-০৭-২০১৮ | ১৭৯১৩৮ | ২১৬১৪৭৩৫৫ | ৮৫৫৬.২৬ | ৩৮৩২২৩২.৭১ | ৫৩০৫.১৭ | ১৪১৫০ | ১১৮৭৪২৪৯ | ৩৯৭.৬২ | ৩১৪৯০১৯.২৭ | ৯৯০৯.৯৬ |
| ০২-০৮-২০১৮ | ১৬৪০৯৭ | ২২২৯৮৫৪০৬ | ৭৬৪০.১১ | ৩৮৬৮২৬২.১৪ | ৫৩৯৯.৭৯ | ১৪২১৩ | ১৩৫৮৮৩৩৮ | ৩৪৬.৯৭ | ৩১৭৪৪৩৯.৩৬ | ১০০৪৩.১৪ |
| ০৯-০৮-২০১৮ | ১৫২৪৬১ | ১৯৬৪৮৪৫৯৬ | ৭০৩৯.৩০ | ৩৮৪৫৫৯৭.৪১ | ৫৪০৭.০১ | ১৩২৩৩ | ১২০৯৬৯৫২ | ৪০০.৯১ | ৩১৫২৩৯৪.৬৫ | ১০০৬৮.৬৮ |
| ১৬-০৮-২০১৮ | ১৩০২৭৬ | ১৭৬০৭২৮৬৩ | ৫৮০৭.৬৯ | ৩৮৭৪২৪৩.৩৫ | ৫৪৬৭.৭৪ | ১০২৪২ | ১১৫২৮৯২২ | ২৫৬.৮১ | ৩১৮৫৫৪৬.৯৭ | ১০১৮১.০৭ |
| ২৬-০৮-২০১৮ | ১০২৭৮৫ | ১২৬৬৩২৮৫৩ | ৪২০২.৪১ | ৩৯৪০৩৫৩.৪২ | ৫৫৯৬.৯১ | ৮৬৪৬ | ৭৯৮৩৬৩০ | ২০৯.৭৭ | ৩২৩০৮৮৯.২২ | ১০৩৯০.১৪ |
| ৩০-০৮-২০১৮ | ১৪৫২৩১ | ২০৮৩৮৩৩১২ | ৭২২৩.৭০ | ৩৯৬২২৬১.০৮ | ৫৬০০.৬৪ | ১১৬৯৭ | ১০৬৭৯৪৫৯ | ৬৪৫.১১ | ৩২৭২৩৬১.২৮ | ১০৪৪৩.১০ |
| ০৬-০৯-২০১৮ | ১৫৩৩৮২ | ২০০১০৫৫১৭ | ৮১৭২.৪১ | ৩৯৬৩৫৭২.৯১ | ৫৫৭৪.২৫ | ১২৪৬৬ | ১০৯২২৮৭২ | ৩৫৯.৯৮ | ৩২৭৭৮২৭.১৭ | ১০৪২৬.৫৪ |
| ১৩-০৯-২০১৮ | ১৭৮৬২৩ | ২২১৩৯৯১২৮ | ১০৬৪৮.৪৯ | ৩৯৩০৩০৭.২৬ | ৫৫০০.৬২ | ১৩৪৩৮ | ১০১৫৫৫৩৬ | ৩৬৬.০৫ | ৩২৪৮৫৩৪.৬১ | ১০৩০৩.০৬ |
| ২০-০৯-২০১৮ | ১৫০৯২৩ | ১৭৪৭০৮৭৪৬ | ৮২৬১.৬৯ | ৩৮৯৮২১৪.২৬ | ৫৪৬৭.০৫ | ১১৩৬৯ | ৯৩৮২৮৪১ | ৩৪৪.১০ | ৩২১৩৬৮৭.৬০ | ১০২২৭.৯১ |
| ৩০-০৯-২০১৮ | ১১০৬৮৫ | ১১০৮০৯২৮৯ | ৫১৬৪.২৪ | ৩৮৭৬৮৪২.০২ | ৫৩৬৮.৯৬ | ৭৪৩৮ | ৪৩৭৫২১৭০ | ৩২৭৩.৩৬ | ৩১৭৩৮০২.১০ | ৯৯৮৪.২৩ |
| দৈনিক গড় (জুলাই-সেপ্টেম্বর,১৮) | ১৫৫৯৮৭ | ১৮৪৬৫৬২৪৫ | ৭৪৯৭.০৮ | | | ১৩২২৪ | ১২২৪৩৬৯১ | ৪৮৯.০৭ | | |
| মাসিক গড় জুলাই, ২০১৮ | ১৮১৩৩১ | ১৯৫৩৬০৮৬৬ | ৮৪৮৯.৫২ | | | ১৫৫৭৮ | ১৩৬০২৯০১ | ৫৭১.০৫ | | |
| মাসিক গড় আগস্ট, ২০১৮ | ১৪০৯৮৭ | ১৮৮৬৪৬৭৫৪ | ৬৩৮৬.২৫ | | | ১২৪৪৫ | ১১৫০৬০১১ | ৩৩৯.৫১ | | |
| মাসিক গড় সেপ্টেম্বর, ২০১৮ | ১৪১৬০৮ | ১৬৯২৮৯৭০২ | ৭৪০৫.১৩ | | | ১১৩৩৬ | ১১৪১২৪৭০ | ৫৩৩.৫০ | | |

## বাজার মূলধনের ভিত্তিতে শীর্ষ ৫ কোম্পানি: ৩০ সেপ্টেম্বর ২০১৮

| ক্র. নং | ডিএসই | | | সিএসই | | |
|---|---|---|---|---|---|---|
| | কোম্পানির নাম | বাজার মূলধন (মিলিয়ন টাকা) | বাজার মূলধনের % | কোম্পানির নাম | বাজার মূলধন (মিলিয়ন টাকা) | বাজার মূলধনের % |
| ১ | গ্রামীণফোন | ৫,০০,১৫১.১৩ | ১৫.১৬ | গ্রামীণফোন | ৪৯,৭১৮.০৫ | ১৫.৬৯ |
| ২ | বিএটিবিসি | ২,০২,৩৪৪.০০ | ৬.১৩ | স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ | ২০,০০৫.৪২ | ৬.৩১ |
| ৩ | স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ | ২,০১,০৮৬.৫৫ | ৬.১০ | বিএটিবিসি | ১৯,৫০০.০০ | ৬.১৫ |
| ৪ | ইউনাইটেড পাওয়ার | ১,৩৪,৩৪৩.৯৮ | ৪.০৭ | ইউনাইটেড পাওয়ার | ১৬,১১৬.৪৯ | ৫.০৯ |
| ৫ | রেনেটা লিমিটেড | ৮৫,৮৭৯.০৪ | ২.৬০ | আইসিবি | ৮,৩৭২.১১ | ২.৬৪ |

## লেনদেনের ভিত্তিতে শীর্ষ ৫ কোম্পানি: ৩০ সেপ্টেম্বর ২০১৮

| ক্র. নং | ডিএসই | | | সিএসই | | |
|---|---|---|---|---|---|---|
| | কোম্পানির নাম | লেনদেন (মিলিয়ন টাকা) | মোট মূলধনের % | কোম্পানির নাম | লেনদেন (মিলিয়ন টাকা) | মোট মূলধনের % |
| ১ | ইউনাইটেড পাওয়ার | ৪৪৯.৩৪ | ৮.৭০ | স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ | ৬৪৯.৪০ | ১৯.৮৪ |
| ২ | খুলনা পাওয়ার | ৪১৩.৫৫ | ৮.০১ | গ্রামীণফোন | ৪৯৮.৫৯ | ১৫.২৩ |
| ৩ | ইফাদ অটো | ৩১২.৪১ | ৬.০৫ | ইউনাইটেড পাওয়ার | ৩৬২.৫৬ | ১১.০৮ |
| ৪ | মুন্নু সিরামিক | ১৫৪.৬০ | ২.৯৯ | খুলনা পাওয়ার | ২৯৯.৬৬ | ৯.১৫ |
| ৫ | একটিভ ফাইন | ১৫২.৫৯ | ২.৯৫ | ব্র্যাক ব্যাংক | ২৫০.৫৯ | ৭.৬৬ |

## সর্বোচ্চ ইপিএস-এর ভিত্তিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত শীর্ষ ৫ কোম্পানি: ৩০ সেপ্টেম্বর ২০১৮

| ক্র. নং | কোম্পানির নাম | প্রকৃত ইপিএস (টাকা) | পি/ই |
|---|---|---|---|
| ১ | বিএটিবিসি | ১৩০.৫০ | ২৫.৮৪ |
| ২ | বাটা সু | ৮২.৩৪ | ১৩.৩০ |
| ৩ | রেকিট বেনকিজার | ৮০.৬৩ | ২০.৯৬ |
| ৪ | লিনডে বাংলাদেশ | ৬২.৬০ | ১৮.৫৩ |
| ৫ | গ্লাসকো স্মিথক্লাইন | ৫৫.৫৬ | ২১.৫২ |

## সর্বনিম্ন পি/ই-এর ভিত্তিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত শীর্ষ ৫ কোম্পানি: ৩০ সেপ্টেম্বর ২০১৮

| ক্র. নং | ডিএসই | | | সিএসই | | |
|---|---|---|---|---|---|---|
| | কোম্পানির নাম | পি/ই | ইপিএস (টাকা) | কোম্পানির নাম | পি/ই | ইপিএস (টাকা) |
| ১ | প্রিমিয়ার ব্যাংক | ৪.৩৯ | ২.৪৬ | এমারাল্ড অয়েল | ৩.২৮ | ২.৫৬ |
| ২ | ওয়ান ব্যাংক | ৪.৪০ | ৩.৪৩ | ম্যাকসন স্পিনিং মিলস্ | ৩.৩০ | ২.৬৭ |
| ৩ | কেয়া কসমেটিকস্ | ৪.৬৭ | ১.৬৭ | সি এন্ড এ টেক্সটাইল | ৪.১৫ | ১.০৪ |
| ৪ | এক্সিম ব্যাংক | ৪.৭৫ | ২.৩৪ | ন্যাশনাল ব্যাংক | ৪.৩১ | ২.৩৭ |
| ৫ | মার্কেন্টাইল ব্যাংক | ৪.৭৮ | ৩.৭১ | ওয়ান ব্যাংক | ৪.৬৯ | ৩.১৫ |

## তালিকাভুক্ত কয়েকটি কোম্পানির আর্থিক বিশ্লেষণ

| কোম্পানির নাম | অনুমোদিত মূলধন (কোটি টাকায়) | পরিশোধিত মূলধন (কোটি টাকায়) | শেয়ারহোল্ডিং অবস্থান (শতকরা হারে) | | | | | নিট লাভ (কোটি টাকায়) | সমাপণী মূল্য (টাকায়)* | শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য (টাকায়) | শেয়ার প্রতি আয় (টাকায়) | পি/ই রেশিও |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পরিচালক | সরকার | ইন্সটিটিউশন | বৈদেশিক | জনসাধারণ | | | | | |
| ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড | ৪০০.০০ | ২০০.০০ | ৮৭.০০ | - | ০৪.৫৫ | ০.১৩ | ০৮.৩২ | ২৪৫.৫২ | ১২৪.২০ | ৯৭.৪১ | ১২.২৮ | ১০.১২ |
| ইফাদ অটোস লিমিটেড | ৩০০.০০ | ২২৫.৪০ | ৬২.৭৭ | - | ১৮.৫৮ | ০.০৫ | ১৮.৬০ | ১০৪.৭৮ | ১২৮.০০ | ৩৬.৭৭ | ০৬.৪২ | ১৯.৯৪ |
| গোল্ডেন হারভেস্ট এগ্রো ইন্ডাস্ট্রিস | ২০০.০০ | ১০৯.০০ | ৩৫.০৩ | - | ৪২.৪৪ | ০.৫৭ | ২১.৯৬ | ১৮.৭১ | ৩৮.৪০ | ২০.১৮ | ০১.৭২ | ২২.৩৮ |
| শেফার্ড ইন্ডাস্ট্রিস লিমিটেড | ১৯০.০০ | ১৩৬.৬০ | ৫১.৪৮ | - | ০৩.৮২ | ২৭.৫১ | ১৭.১৯ | ১২.৮০ | ৩৪.৯০ | ১৬.৬৭ | ০.৯৪ | ৩৭.২৫ |
| এক্টিভ ফাইন কেমিক্যালস্ লিঃ | ৩০০.০০ | ১৯৯.৯০ | ১২.০২ | - | ৩১.৪২ | ০৩.০৬ | ৫৩.৫০ | ৫৫.৩৯ | ৪২.৮০ | ১৯.৫৬ | ০২.৭৭ | ১৫.৪৫ |

*সূত্র: ডিএসই মাসিক রিভিউ; সেপ্টেম্বর, ২০১৮। * ৩০.০৯.২০১৮ তারিখে*

## বিশ্বের কিছু শেয়ার সূচক

| | | ৩০ জুন ২০১৮ | ৩০ সেপ্টেম্বর ২০১৮ | পরিবর্তন (%) |
|---|---|---|---|---|
| **বাংলাদেশ** | | | | |
| | ডিএসইএক্স | ৫,৪০৫.৪৬ | ৫,৩৬৮.৯৬ | (০.৬৮) |
| | সিএসসিএক্স | ১০,০০৯.৩৪ | ৯,৯৮৪.২৩ | (০.২৫) |
| **এশিয়া** | | | | |
| টোকিও | নিক্কি ২২৫ | ২২,৩০৪.৫১ | ২৪,১২০.০৪ | ৮.১৪ |
| হংকং | হ্যাং সেং | ২৮,৯৫৫.১১ | ২৭,৭৮৮.৫২ | (৪.০৩) |
| বোম্বে | এস অ্যান্ড পি বিএসই সেনসেক্স | ৩৫,৪২৩.৪৮ | ৩৬,২২৭.১৪ | ২.২৭ |
| সাংহাই | এসএসই কম্পোজিট ইনডেক্স | ২,৮৪৭.৪২ | ২,৮২১.৩৫ | (০.৯২) |
| ফিলিপাইনস্ | পিএসইআই | ৭,১৯৩.৬৮ | ৭,২৭৬.৮২ | ১.১৬ |
| থাইল্যান্ড | এসইটি | ১,৫৯৫.৫৮ | ১,৭৫৬.৪১ | ১০.০৮ |
| শ্রীলংকা | কলম্বো স্টক এক্সচেঞ্জ অলশেয়ার ইনডেক্স | ৬,১৯৪.৬৩ | ৫,৮৬২.১৮ | (৫.৩৭) |
| **ইউরোপ** | | | | |
| লন্ডন | এফটিএসই ১০০ | ৭,৬১৭.৭০ | ৭,৫১০.২০ | (১.৪১) |
| ডয়চে বোর্সে | ডিএএক্স | ১২,৩০৬.০০ | ১২,২৪৬.৭৩ | (০.৪৮) |
| ইউরো নেক্সট প্যারিস | সিএসি-৪০ | ৫,৩২৩.৫৩ | ৫,৪৯৩.৪৯ | ৩.১৯ |
| **আমেরিকা** | | | | |
| ইউএসএ | নাসডাক কম্পোজিট | ৭,৫১০.৩০ | ৮,০৪৬.৩৫ | ৭.১৪ |
| | ডিজেআইএ | ২৪,২৭১.৪১ | ২৬,৪৫৮.৩১ | ৯.০১ |
| | এস অ্যান্ড পি-৫০০ | ২,৭১৮.৩৭ | ২,৯১৩.৯৮ | ৭.২০ |
| ব্রাজিল | বোভেসপা | ৭২,৭৬৩.০০ | ৭৯,৩৪২.০০ | ৯.০৪ |

*সূত্র: http://finance.yahoo.com/; http://www.set.or.th/en/market/market_statistics.html*
*http://www.pse.com.ph/stockMarket/marketInfo-marketActivity.html*

পাঠশালা

Stock Analysis: Part-2

# (Macroeconomic Analysis)

*(Continuation of Previous Publication)*

To determine a proper price for a firm's stock, security analyst must forecast the dividend & earnings that can be expected from the firm. However, fundamental analysis must consider the business environment in which the firm operates. Macroeconomic and industry circumstances might have a greater influence on profits than the firm's relative performance within the industry.

## ❒ THE IMPORTANCE OF ANALYZE: ECONOMY OUTLOOK

Imagine you own shares of the strongest and the most successful firm, there might be two situations:

1. If you own the shares during a strong economic expansion, the sales and earnings of the firm will increase and your return should be high.
2. If you own the shares during a major economic recession, the sales, earnings, cash flows of the firm would decline, the price of the stock would be stable or decline.

## ❒ KEY ECONOMIC INDICATORS

Government has two broad classes of macroeconomic tools: some affect the demand for goods and services, and others affect the supply.

### Gross Domestic Product (GDP)

The measure of the economy's total production of goods and services. Rapidly growing GDP indicates an expanding economy with ample opportunity for a firm to increase sales. Another economy's output measure is industrial production - a measure of economic activity narrowly focused on the manufacturing side of the economy.

### Employment

Unemployment rate is the percentage of the total labor force (those who are working or seeking employment) to find work. The rate measures the extent to which the economy is operating at full capacity. Analysts also look at the factor capacity utilization rate, which is the ratio of actual output from factories to potential output.

### Inflation

Inflation is the rate at which the general level of prices is rising. High rates of inflation are associated with overheated economies, where demand for goods and services is outstripping productive capacity, which leads to upward pressure on prices. Government stimulates their economies enough to maintain nearly full employment, but not so much as to bring on inflationary pressure.

### Interest rates

High interest rates reduce the present value of future cash flows, reducing the attractiveness of investment opportunities. Real interest rate is key determinant of business investment expenditures. Demand for housing & high-priced consumer durables such as automobiles, is highly sensitive to interest rates because interest rates affect interest payments.

### Budget deficit

Budget deficit of the government is the difference between government spending and revenues. Any budgetary shortfall must be offset by government borrowing. Large amounts of government borrowing can force up interest rates by increasing the total demand for credit in the economy. Economists generally believe excessive government borrowing will crowd out private borrowing and investing by forcing up interest rates and choking off business investment.

### Expectation

Consumers' and producers' optimism or pessimism concerning the economy is an important determinant of economic performance. If consumers have confidence in their future income levels, they will be more willing to spend on big-ticket items. Business will increase production and inventory levels if they anticipate higher demand for their products.

### Fiscal policy

It refers to the government's spending & tax actions. It is part of demand-side management, a direct way to stimulate or slow the economy. Decrease in government spending deflate the demand for goods and services. Increase in tax immediately drain off income of consumers and result in rapid decrease in consumption. It is created slowly because fiscal policy requires large amount of compromise between executive & legislative institutions. To summarize the impact of government fiscal policy, look at the government's budget deficit or surplus (it is simply difference between revenues and expenditures). Large deficit means government spends more than it should be taken. The effect is the increasing demands for goods (via spending).

**Monetary policy**

Refers to the manipulation of the money supply to affect the macro economy. Works largely through its impact on interest rates. Increases in money supply lower short-term interest rate, encouraging investment and consumption demand. However, higher money supply leads to a higher price level, and does not have a permanent effect on economic activity.Other tool is the discount/interest rate that charges banks on short-term loans and the reserve requirement. Declines in the rate of growth of the money supply leads business contractions. Increases in the growth rate of money supply leads business expansions.

## ❒ MONEY SUPPLY AND STOCK PRICE RELATIONSHIP

Changes in the growth rate of money supply consistently lagged stock returns by about one or three months. Stock price adjusts quickly to unexpected changes in money supply growth. Relationship between the two is determined by forecast unanticipated changes in money supply.

## ❒ INFLATION, INTEREST RATE, STOCK PRICE RELATIONSHIP

The relationship is not direct and consistent. Cash flows from stocks can change along with inflation and interest rates. Investors cannot certain whether this change in cash flows will offset the changes in interest rate. The point is, the effect of interest rate changes on stock price will depend on what caused the change in interest rate, and the effect of this event on the expected cash flow on common stock. There has been generally a significant negative relation but this is not always true. Even when the negative relationship is true for the overall market, certain industries may have earnings, cash flows, and dividends that react positively to inflation and interest rate changes. In such an instance, their stock prices would be positively correlated with inflation and interest rate

*Writer: Ahsan Uddin, Principal Officer, Stock Market Analysis Department.*

# শুদ্ধাচার কর্ণার

কর্পোরেশনের নৈতিকতা কমিটির ২০১৮-১৯ অর্থবছরের ১ম সভা ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে কর্পোরেশনের বোর্ড রুমে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপক (অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন)সহ অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-১৯ এ উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিক (জুলাই ২০১৮-সেপ্টেম্বর ২০১৮) এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। সভায় জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ পর্যন্ত ১ম ত্রৈমাসিকে কর্পোরেশনের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত



আলোচনা করা হয়। সকল কার্যক্রম যথাযথভাবে পরিপালন করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

# এপিএ কর্ণার



রূপকল্প ২০২১ বাস্তবায়ন এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদারকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বর্তমান সরকারের একটি অনত্যম পদক্ষেপ হচ্ছে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি। সে প্রেক্ষিতে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ও সরকারের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুনির্দিষ্ট কৌশলগত উদ্দেশ্য ও কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা করছে।

# ইনোভেশন কর্ণার


## নাগরিক সেবায় উদ্ভাবন

**'The heart & soul of the company is creativity and innovation'- Bob Iger**



*স্বাগত বক্তব্য রাখছেন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ।*





*নাগরিক সেবায় উদ্ভাবন*

(পূর্ব প্রকাশের পর)

কর্পোরেশনে নিয়মিত ইনোভেশন কার্যক্রমের ধারাবাহিকতায় গত ০৮ আগস্ট ২০১৮ তারিখে আইসিবির ইনোভেশন টিমের ২য় মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় ২৩-২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখে নাগরিক সেবায় উদ্ভাবন শীর্ষক ০২ (দুই) দিনের একটি প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভার সিদ্ধান্ত ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আইসিবি ও সাবসিডিয়ারিসমূহের কর্মচারীগণের সমন্বয়ে গত ২৩-২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখে নাগরিক সেবায় উদ্ভাবন শীর্ষক ০২ (দুই) দিনের প্রশিক্ষণটি আইসিবি প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কর্পোরেশন ও সাবসিডিয়ারিসমূহের সিনিয়র প্রিন্সিপাল অফিসার, প্রিন্সিপাল অফিসার, সিনিয়র অফিসার, অফিসার পদমর্যাদার মোট ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। তন্মধ্যে কর্পোরেশনের ১৫ জন এবং ০৩টি সাবসিডিয়ারি কোম্পানির প্রতিটি হতে ০৫ জন করে ১৫ জন প্রশিক্ষণার্থী ছিলেন। জনাব অমিতাভ চক্রবর্তী, পিএইচডি, এটাচ অফিসার এটুআই এন্ড ইউএলও, ডিপা. অব লাইভস্টক আলোচ্য প্রশিক্ষণের সেশনসমূহ পরিচালনা করেন। অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ০৬টি গ্রুপ থেকে নিম্নোক্ত ০৬টি উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের জন্য নির্বাচন করা হয়:

গ্রুপ-এ: ঋণের হিসাব বিবরণী প্রেরণ;
গ্রুপ-বি: প্রকল্প ঋণ প্রদান;
গ্রুপ-সি: ইউনিট লিয়েনের বিপরীতে অগ্রিম প্রদান;
গ্রুপ-ডি: ইউনিট বিক্রয় প্রক্রিয়া;
গ্রুপ-ই: নতুন বিনিয়োগ হিসাব খোলা;
গ্রুপ-এফ: তহবিল উত্তোলন।

প্রশিক্ষণে স্বাগত বক্তব্য রাখেন এবং প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ।

চলবে-

লেখক আইসিবি প্রশিক্ষণ কেন্দ্রের সহকারী মহাব্যবস্থাপক এবং ইনোভেশন টিম এর সদস্য জনাব মল্লিক রওশন আলম।

## বন্ধু তোমার লাল টুকটুকে স্বপ্ন বেচো না

আয়শা সিদ্দিকা

বাইবেলে সুন্দর কথা আছে যে He who liveth, he who beliveth, shall never die. যে বিশ্বাস করে সে-ই বেঁচে থাকে। এই বিশ্বাস এবং কাজের মধ্যে যে ডুবে যেতে পেরেছে তাকে কোন দুঃখ, মালিন্য স্পর্শ করতে পারে না। কাজের নিজস্ব আনন্দ রয়েছে। কাজের মধ্যে ডুবে যেতে হলে স্বপ্নের প্রয়োজন। আমরা অনেকেই মনে করি স্বপ্ন মানেই একটি নিছক কল্পনা মাত্র। তা নয়, স্বপ্ন মানেই বাস্তব, স্বপ্ন মানেই গন্তব্য। আমি কোথায় যেতে চাই তার নাম স্বপ্ন। মানুষ তার স্বপ্নের সমান বড় হতে পারে। বাইবেলের উক্তিতে সফল হওয়ার কয়েকটি ব্যবহারিক দিক নিহিত রয়েছে, তাতে বলা হয়েছে যে বিশ্বাস পাহাড়কেও টলাতে পারে। বিশ্বাস এক অদ্ভুত, বিপুলশক্তি, এটা কোন ম্যাজিক বা অলৌকিক বিষয় নয়। বিশ্বাস এভাবে কাজ করে ''আমি দৃঢ় নিশ্চিত-আমি পারবো'' এই বিশ্বাস মনোবল বাড়ায়, কাজে দক্ষতা ও শক্তি পাওয়া যায়। পরবর্তী পদক্ষেপগুলো কি হবে তা মাথায় আসবে। বাস্তব স্বপ্ন ও চেষ্টা কখনোই ব্যর্থ হয় না। রাইট ভাতৃদ্বয় স্বপ্ন দেখতেন এমন এক যন্ত্র বানাবেন যাতে করে আকাশে ওড়া সম্ভব। তারা তৈরী করলেন প্লেন। সভ্যতার চেহারাই পরিবর্তন হয়ে গেল তাদের এই আবিষ্কারের ফলে। মার্কনি স্বপ্ন দেখতেন, স্রষ্টার শক্তিকে জয় করে কাজে লাগাবেন। তিনি যে ভুল স্বপ্ন দেখেননি তার প্রমাণ বেতার ও টেলিভিশন আবিষ্কার। উল্লেখ্য যে মার্কনি যখন দাবি করলেন তিনি তারের সাহায্য ছাড়াই বাতাসের মধ্য দিয়ে সংবাদ প্রেরণের পদ্ধতি আবিষ্কার করেছেন, তখন তার বন্ধুরা তাকে মনস্তাত্ত্বিক হাসপাতালে নিয়ে গিয়েছিল। বিশ্ববিখ্যাত বিজ্ঞানী টমাস আলভা এডিসন মাত্র তিন মাস স্কুলে যাওয়ার সুযোগ পেয়েছিলেন। অতিমাত্রায় অপদার্থের অপবাদ নিয়ে স্কুল থেকে বহিস্কৃত হতে হয়েছিল, হেলেন কেলার মাত্র ১৯ মাস বয়সে শ্রবণশক্তি, বাকশক্তি আর দৃষ্টিশক্তি হারিয়েছিলেন। বিশ্বাস আর স্বপ্নের সংমিশ্রণে হয়ে ওঠেন মহিয়সী এবং তার জীবন বিরাট এক সত্যের প্রমাণ-বাস্তবে পরাজয় স্বীকার না করলে কেউ পরাজিত হয় না। সংবাদ পাঠক পদের জন্য এক আবেদন প্রার্থীকে প্রত্যাখ্যান করা হয়। কারণ তার কণ্ঠস্বর যর্থাথ ছিল না। তিনিই আজকের অমিতাভ বচ্চন! একজন স্কুল শিক্ষক অংকে মনযোগী না হওয়ায় এবং ছোট্ট অংক করতে না পারায় এক ছাত্রকে বলেছিলেনঃ তুমি জীবনে কিছুই হতে পারবে না। সেই বালক বড় হয়ে হয়েছিলেন মস্তবড় বিজ্ঞানী। তার নাম আলবার্ট আইনস্টান।

মানুষ তার স্বপ্নের চেয়েও বড় হতে পারে। মানুষ যা আশা করে তা যদি সে বিশ্বাসে রূপান্তরিত করতে পারে তাহলে তা সত্যিই পেতে পারে-এটাই হচ্ছে জীবনের ধর্ম। এটাই প্রকৃতির স্বাভাবিক নিয়ম। মানুষ যে তার স্বপ্নের সমান বড় হয় তা আমাদের চারপাশের যে সফল মানুষ আছেন তাদের কাছে জানতে চাইলেই আপনি জানতে পারবেন।

মৃত্যুর মাত্র দুই সপ্তাহ আগে এ পি জে আবদুল কালাম বলেছিলেন, 'সেই মানুষই ভাগ্যবান, যে কোনো রোগ ভোগ ছাড়া, কাজ করতে করতে মারা যান। শেষ বিদায় হওয়া উচিত সংক্ষিপ্ত।' এমন ইচ্ছামৃত্যু কজনের ভাগ্যে জোটে? এ পি জে আবদুল কালাম মারা গেছেন ৮৪ বছর বয়সে। এই বয়সে অনেকেই অবসর জীবন যাপন করেন। কিন্তু তিনি অন্যরকম। শেষ মুহূর্ত পর্যন্ত তিনি তাঁর কাজ, শুধু কাজ নয় পছন্দের কাজ করে গেছেন। তিনি সবসময় বলতেন, এমন কিছু করতে, যাতে মানুষ কাউকে মনে রাখবে। এ পি জে আবদুল কালাম জীবনে অনেক কিছুই করেছেন মনে রাখার মতো। জনগণের রাষ্ট্রপতি, জনপ্রিয় লেখক, বিজ্ঞানী, মিসাইলম্যান–অনেক পরিচয় তাঁর। জানতে চাওয়া হয়েছিল, তিনি কোন পরিচয়ে অমর হতে চান? তার জবাব ছিল, শিক্ষক হিসেবে। কী আশ্চর্য! পুণ্যবান মানুষেরই শুধু সব ইচ্ছা এমনভাবে পূরণ হয়। তিনি বলতে ভালোবাসতেন। এ পি জে আবদুল কালাম শিক্ষক হিসেবে ছাত্রদের উদ্দেশ্যে বলতে বলতেই ঢলে পড়েন। মৃত্যুর এমন স্ক্রিপ্ট লেখা খুব কঠিন।

নেলসন ম্যান্ডেলা ২৯ বছর কারাবন্দী ছিলেন। এমন প্রকোষ্ঠে তাঁকে রাখা হলো যেখানে সূর্যের আলো পৌঁছাতো না। মুক্তির পর তাকে জিজ্ঞেস করা হলো, আপনি সেখানে কী করেছেন? তিনি উত্তর দিয়েছেন, 'স্বপ্ন দেখেছি'। মুক্ত দক্ষিণ আফ্রিকার স্বপ্ন দেখেছি। আলোচনার টেবিলে তিনি শেতাঙ্গদের পরাজিত করে কৃষ্ণাঙ্গ শাসন কায়েম করেন।

স্টিভ জবস খুব সুন্দর করে বলেছিলেন, তোমার সময় সীমিত। অন্যের মনমতো জীবনযাপন করতে গিয়ে এ সময়টুকু নষ্ট করো না। অন্যেরা কী ভাবছে, সে ফাঁদে পা দিও না। অন্যের মতামতের ভিড়ে তোমার অন্তরের কণ্ঠস্বরকে চাপা পড়তে দিও না। নিজের হৃদয় ও ইনটুইশনকে বিশ্বাস করার মতো সাহসী হও। তোমার হৃদয় ঠিকই জানে তুমি আসলে কী হতে চাও। বাকী সবকিছুই হচ্ছে অবিবেচ্য।

প্রচলিত একটি প্রবাদ আছে, তুমি যদি গাছের মগডালে লক্ষ্য করে তীর চালাও তাহলে কোনো মতে গাছের নিচু ডালটার নাগাল পাবে। আর যদি পাহাড়ের শীর্ষকে লক্ষ্য করে তীর ছোড়ো তাহলে অবশ্যই গাছের মগডালে পৌঁছাতে পারবে। আপনি নিজেকে যে মূল্য দেবেন পৃথিবী আপনাকে সেই মূল্য দেবে।

ঔপন্যাসিক কুট ভানেগার্টের ভাষায়, আমরা নিজেদের সম্পর্কে যা কল্পনা করি, আমরা আসলে তা-ই। এজন্যেই নিজের লক্ষ্যকে সবসময় বড় করতে হবে।


শুধু স্বপ্ন দেখলেই হবে না বিশ্বাস করতে হবে কারণ স্বপ্নের সঙ্গে বিশ্বাস যুক্ত হয়ে সেটা পরিণত হয় ভবিষ্যতের বাস্তবতায় অর্থাৎ মনছবিতে। দার্শনিক কনফুসিয়াস বলেছেন, যে পাহাড়কে সরিয়ে ফেলে, সে শুরু করে ছোট ছোট পাথর বহনের মাধ্যমে। সফল মানুষের স্বপ্ন বাস্তবায়িত হবার আগে অধিকাংশ বিষয়ই তাদের নিয়ন্ত্রণে ছিলো না। সময় তাদেরকে এগিয়ে নিয়ে গেছে লক্ষ্য অর্জনের পথে। আসলে বিশ্বাস যখন চলে আসে তখন সামগ্রিক সচেতনতা থেকে সহযোগী শক্তি চলে আসে, প্রকৃতির নেপথ্য স্পন্দন সাফল্যের পথে কাজ করতে শুরু করে।
সেই কাঙ্খিত স্বপ্ন বাস্তবায়নের জন্যে প্রয়োজন মনের স্থিরতা। উত্তাল বঙ্গোপসাগরে একটা বড় অট্টালিকা যদি ফেলে দেয়া হয় তবে সে প্রতিক্রিয়া সৃষ্টি করবে না। কিন্তু একটা শান্ত সরোবরে একটা ছোট্ট ঢিল ছুঁড়লে সেই ঢিল কিন্তু পানিকে আন্দোলিত করবে।
'চাওয়া যদি নিখুঁত হয়, পাওয়া সুনিশ্চিত হবে'। তাই চাইতে জানতে হবে। আপোষ নয় স্বপ্নের সাথে। একজন ছোট কাগজকর্মী হিসেবে বলবো ছোট কাগজ নিয়ে যে স্বপ্ন আমাদের তা কিন্তু প্রায় প্রত্যেক ছোট কাগজকর্মীর আপোষহীন স্বপ্ন। তারা স্বপ্নের জন্যেই লড়ছে। তাদের লোকে পাগল বলছে। স্বপ্ন পাগলেরাই দ্যাখে। আর তারা স্বপ্নের জন্য ছেড়ে দেয় জীবনের নানান বিলাস। তাই প্রতুলের সাথে গলা মিলিয়ে বলতে ইচ্ছা করে 'বন্ধু তোমার স্বপ্ন বেচো না'।


*লেখিকা আইসিবি খুলনা শাখার সিনিয়র অফিসার*

*বি. দ্র. অভিব্যক্তি বিভাগের লেখাসমূহ লেখকের সম্পূর্ণ নিজস্ব মতামত।*

## The Magic of Words

শিল্পী: নাজমুস সাকিব
শিক্ষার্থী: ঢাকা বিশ্ববিদ্যালয়,
গ্রাফিক্স ডিজাইন ডিপার্টমেন্ট (১ম বর্ষ)





**The Magic of Words** *ছবিটি বঙ্গবন্ধুর ৭ মার্চ এর ভাষন দিয়ে আঁকা হয়েছে।*

*শিল্পী কর্পোরেশনের সহকারী মহাব্যবস্থাপক মিজ্ আয়শা সুলতানার সন্তান।*

## গণিত অলিম্পিয়াডে সাফল্য



রাইয়্যান জামিল

২০১৮ সালে অনুষ্ঠিত ইরানি জ্যামিতি অলিম্পিয়াডের পঞ্চম আসরে বিভিন্ন ক্যাটাগরিতে বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা মোট ১টি স্বর্ণ, ৬টি রৌপ্য ও ৩টি ব্রোঞ্জপদক অর্জন করে। আলোচ্য অলিম্পিয়াডে বাংলাদেশসহ ৫৬টি দেশের মোট ৭০৩ জন প্রতিযোগী অংশ নেয়। উল্লেখ্য, উক্ত প্রতিযোগিতায় অন্যান্যের মধ্যে কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক মিসেস মাজেদা খাতুন-এর সন্তান নটর ডেম কলেজের একাদশ শ্রেণীর ছাত্র রাইয়্যান জামিল অ্যাডভান্স ক্যাটাগরিতে রৌপ্য পদক অর্জন করেছে। শিক্ষার্থীদের এ সাফল্যে উচ্ছ্বসিত বাংলাদেশ গণিত অলিম্পিয়াড দলের কোচ মাহবুব মজুমদার বলেন, এ সাফল্য ভবিষ্যতে তাদের আরও ভালো করার অনুপ্রেরণা জোগাবে। উল্লেখ্য, এ প্রতিযোগিতার বিগত আসরেও (চতুর্থ) রাইয়্যান জামিল রৌপ্য পদক অর্জন করে। এ ছাড়াও, রাইয়্যান জামিল ২০১৮ সালের মার্চে অনুষ্ঠিত এশিয়া প্যাসিফিক গণিত অলিম্পিয়াডে (APMO) ব্রোঞ্জ পদক অর্জন করে যেখানে ৩৯টি দেশের মোট ৩৫২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছিল।

উল্লেখ্য, বিভিন্ন সময়ে বাংলাদেশে অনুষ্ঠিত বাংলাদেশ গণিত অলিম্পিয়াডের জাতীয় ও আঞ্চলিক প্রতিযোগিতার বিভিন্ন ক্যাটাগরিতে রাইয়্যান জামিল মোট ৬ বার চ্যাম্পিয়ান, ৪ বার ফাস্ট রানার আপ ও ১ বার সেকেন্ড রানার আপ হওয়ার পাশাপাশি জাতীয় ক্যাম্প ও বর্ধিত ক্যাম্পসহ অন্যান্য ক্যাম্পে অংশগ্রহণের সুযোগ পায়। রাইয়্যান জামিল-এর এ সাফল্যে আমরা কর্পোরেশনের পক্ষ হতে তাকে আন্তরিক অভিনন্দন ও শুভকামনা জানাচ্ছি এবং তার উজ্জ্বল ভবিষ্যত কামনা করছি।

## Mornings



**Mashiat Mubasshira (Ruponti)**
Dhaka Medical College
MBBS 1st year

I wake up to a sunny morning,
I roll in my bed,
I look over my latticed window
to see the sky hovering overhead.
I borrow her genial smile,
Thankful for a while.
For every morning skies and roads;
For every morning teas and reads;
For every morning hugs and calls;
For every morning runs and trips;
Mostly, for every morning faces and laughs.

*রচয়িতা কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক মিজ্ মাহমুদা আক্তার এর সন্তান।*

*বি. দ্র. ইয়াংস্টারস্ বিভাগের লেখাসমূহ লেখকের সম্পূর্ণ নিজস্ব মতামত।*

# জীবন মানে কী?



**রামিসা আহমেদ**
এসএসসি পরীক্ষার্থী
হলিক্রস গার্লস স্কুল

জীবন মানে অলীক স্বপ্ন, একঝাঁক ডানা মেলা পাখি;
অশ্রুর কাব্য, মাঝে মাঝে দীর্ঘনিঃশ্বাস,
আরও কত কী!
অজানাকে জানা, না বোঝাকে বোঝা,
কাঠিন্যের সাগর ভ্রমণ।
শুরু, শেষ, চিন্তা, চেতনা, মন?
না এসব নয়, আরও বড় কিছু,
তবে কী? প্রশ্নটা আজ ছাড়ছে না পিছু।
হয়তো আকাশে মেঘের খেলা,
হয়তো মেঠোপথ যখন পড়ন্ত বেলা
হয়তো সৃষ্টি, কৃষ্টি বা নিছক বেঁচে থাকা।
নিজের দোষগুলো ঢেকে গুণ জাহির
নাকি অন্যের হাসি ফিরিয়ে আনা?
নাকি আত্মমগ্ন হয়ে স্বার্থপরতা
অথবা অভিপ্রায় সহায়তার হাত বাড়ানোর?
দুঃখ, সুখের, আবেগের পথচলা?
রহস্যের সন্ধানে মৃত্যুর সঙ্গে লড়াই;
প্রতিশোধ, হিংসা, ইবাদত, ভালোবাসা?
নাকি সরল শিশুর বুলির মতো?
নাকি উত্তর আমার প্রশ্ন আছে যতো?
জীবন মানে আজ কৌতুহল
আজ জীবন নিজেই প্রশ্ন!

*রচয়িতা কর্পোরেশনের সহকারী মহাব্যবস্থাপক জনাব আহাম্মদ জুলকারনাইন সোহেল এর সন্তান।*

*বি. দ্র. ইয়াংস্টারস্ বিভাগের লেখাসমূহ লেখকের সম্পূর্ণ নিজস্ব মতামত।*

# আইসিবির অগ্রযাত্রায় স্বীকৃতি অর্জন



| | |
|---|---|
| **Ref No** | ACRSL15354/17 |
| **Company Name** | Investment Corporation of Bangladesh (ICB) |
| **Assigned Ticker** | ICB |
| **Activity** | Portfolio Management, Mutual Fund Management, Private Equity Investment and Project Financing among others. |
| **Incorporated On** | 01 Oct 1976 |
| **Head Office** | 8, Rajuk Avenue, BDBL Bhaban, (Level 14 -17) Dhaka-1000 |

| | |
|---|---|
| **Rating Type** | Corporate/Entity |
| **Rating Validity** | 05 Oct 2018 |
| **Analyst(s)** | ACRSL Analyst Team |
| **Committee (s)** | ACRSL Rating Committees |

**RATINGS SUMMARY**

| CREDIT RATING | CURRENT | PREVIOUS |
|---|---|---|
| **Long-Term** | AAA | AAA |
| **Short-Term** | ST-1 | ST-1 |
| **Publishing Date** | 05 Oct 2017 | 03 Oct 2016 |

**RATINGS EXPLANATION**

| | |
|---|---|
| AAA | Investment grade. Highest credit quality with lowest expectation of credit risk. When assigned this rating indicates the obligor has exceptionally strong capacity to meet its financial obligations and it is highly unlikely that this capacity will be impacted adversely by foreseeable events. |
| ST-1 | Highest Grade. Highest certainty of timely payment. Short-term liquidity including internal fund generation is very strong and access to alternative sources of funds is outstanding, Safety is almost like risk free Government short-term obligations. |

Rating Validity : This validity assumes no additional loan over that disclosed in Q3FY17 [ending March 31] audited/management certified balance sheet and that management has disclosed all material & adverse to financials since Q3FY17.

ARGUS CREDIT RATING SERVICES LTD. DHAKA, BANGLADESH

**TAMIM MARZAN HUDA**
Chief Operating Officer
ARGUS Credit Rating Services Ltd.

Confidential and Limited Use Only
Copyright © 2014 ARGUS Credit Rating Services Limited

## আইসিবি ও এর সাবসিডিয়ারি (এএমসিএল) কর্তৃক পরিচালিত বে-মেয়াদি ফান্ডসমূহের সার্টিফিকেটের বিক্রয় ও পুনঃক্রয়মূল্য

| ইউনিট ফান্ডের নাম | ফান্ডের রেজিস্ট্রেশন তারিখ | সর্বশেষ মূল্য নির্ধারণী তারিখ | ইউনিট প্রতি বিক্রয় মূল্য (টাকায়) | ইউনিট প্রতি পুনঃক্রয় মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|
| আইসিবি ইউনিট ফান্ড | ১০ এপ্রিল ১৯৮১ | ৩০ সেপ্টেম্বর ২০১৮ | -* | ২৫৯.০০ |
| বাংলাদেশ ফান্ড | ০৪ মে ২০১১ | ০১ আগস্ট ২০১৮ | ৯৮.০০ | ৯৫.০০ |
| আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড | ০৩ জুন ২০০৩ | ০১ আগস্ট ২০১৮ | ২২০.০০ | ২১৫.০০ |
| আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস ইউনিট ফান্ড | ১৫ সেপ্টেম্বর ২০১৪ | ০১ আগস্ট ২০১৮ | ১৯০.০০ | ১৮৫.০০ |
| আইসিবি এএমসিএল কনভার্টেড ফার্স্ট ইউনিট ফান্ড | ০৩ ফেব্রুয়ারি ২০১৪ | ০১ আগস্ট ২০১৮ | ১০.০০ | ৯.৭০ |
| আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড | ৩০ জুলাই ২০১৫ | ০১ আগস্ট ২০১৮ | ১০.০০ | ৯.৭০ |
| ১ম আইসিবি ইউনিট ফান্ড | ১১ এপ্রিল ২০১৬ | ০৪ ফেব্রুয়ারি ২০১৮ | ১০.৪০ | ১০.১০ |
| ২য় আইসিবি ইউনিট ফান্ড | ০৫ মে ২০১৬ | ১৬ সেপ্টেম্বর ২০১৮ | ১১.১০ | ১০.৮০ |
| ৩য় আইসিবি ইউনিট ফান্ড | ২৩ জুন ২০১৬ | ০৪ ফেব্রুয়ারি ২০১৮ | ১১.৬০ | ১১.৩০ |
| ৪র্থ আইসিবি ইউনিট ফান্ড | ২৩ জুন ২০১৬ | ০৪ ফেব্রুয়ারি ২০১৮ | ১১.১০ | ১০.৮০ |
| ৫ম আইসিবি ইউনিট ফান্ড | ২৩ জুন ২০১৬ | ১৬ সেপ্টেম্বর ২০১৮ | ১১.৪০ | ১১.১০ |
| ৬ষ্ঠ আইসিবি ইউনিট ফান্ড | ০৯ আগস্ট ২০১৬ | ০৪ ফেব্রুয়ারি ২০১৮ | ১২.৩০ | ১২.০০ |
| ৭ম আইসিবি ইউনিট ফান্ড | ৭ নভেম্বর ২০১৬ | ০৪ ফেব্রুয়ারি ২০১৮ | ১২.৪০ | ১২.১০ |
| ৮ম আইসিবি ইউনিট ফান্ড | ১৫ মার্চ ২০১৭ | ১৬ সেপ্টেম্বর ২০১৮ | ১১.৩০ | ১১.০০ |

**১ জুলাই ২০০২ তারিখ হতে ''এএমসিএল'' এর কার্যক্রম শুরু হওয়ায় আইসিবি ইউনিট ফান্ডের সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে।*

# আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের পণ্য ও সেবাসমূহ

## পুঁজিবাজার বিষয়ক

- ইক্যুইটি, প্রাইভেট ইক্যুইটি এবং প্লেসমেন্ট শেয়ার-এর বিপরীতে অগ্রিম/বিনিয়োগ;
- শেয়ার পুনঃক্রয়ের বিপরীতে অগ্রিম;
- আইসিবি ইউনিট সার্টিফিকেট আইসিবি এএমসিএল কর্তৃক পরিচালিত সকল ইউনিট এবং বাংলাদেশ ফান্ড ইউনিট সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম;
- মার্চেন্ডাইজিং কার্যক্রম;
- সম্পদ ব্যবস্থাপনা;
- ইস্যু ম্যানেজমেন্ট;
- আন্ডাররাইটিং;
- ব্রোকারেজ সেবাসমূহ;
- ডিপি (ফুল সার্ভিস) সেবাসমূহ;
- মার্জার এবং একুইজিশন;
- ট্রাস্টি ও কাস্টডিয়ান;
- পোর্টফোলিও ব্যবস্থাপনা;
- প্রেফারেন্স শেয়ারে বিনিয়োগ;
- স্টক মার্কেট লেনদেন;
- ডিবেঞ্চার ফাইন্যান্সিং;
- লিজ ফাইন্যান্সিং;
- ভেঞ্চার ক্যাপিটাল ফাইন্যান্সিং।

## মুদ্রাবাজার বিষয়ক

- সাবঅর্ডিনেটেড বন্ড, জিরো কুপন বন্ড, টিডিআর;
- ব্যাংক গ্যারান্টি;
- কর্পোরেট ফাইন্যান্সিয়াল অ্যাডভাইস।

## সরকারের এজেন্ট হিসেবে দায়িত্ব পালন

- ইক্যুইটি এন্ড এন্ট্রাপ্রেনরশিপ ফান্ড;
- রাষ্ট্র মালিকানাধীন প্রতিষ্ঠানের শেয়ার অফলোডিং;
- ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য বিশেষ প্রণোদনা স্কিম।

আইসিবি পরিক্রমা
সংখ্যা ১৯ | আশ্বিন ১৪২৫ | সেপ্টেম্বর ২০১৮

- আইসিবি ইউনিট সার্টিফিকেট ও আইসিবির সাবসিডিয়ারি কোম্পানি পরিচালিত ইউনিট সার্টিফিকেটসমূহ লিয়েন রেখে অগ্রিম প্রদান করা হয়।
- আইসিবি ডিবেঞ্চার ও বন্ড ইস্যুতে অর্থায়ন করে।
- ট্রাস্টি ও কাস্টডিয়ান;
- বাংলাদেশ ফান্ডে বিনিয়োগ করুন।

যৌতুক একটি সামাজিক ব্যাধি,
আসুন এই ব্যাধি নির্মূলে আমরা সকলে মিলে কাজ করি।

## দৃষ্টি আকর্ষণঃ

আইসিবি তার কর্পোরেট সুশাসন পরিপালনে এবং জনস্বার্থ সুরক্ষায় অঙ্গীকারবদ্ধ। শেয়ারমালিক ও অন্যান্য স্টেকহোল্ডারগণ সর্বোপরি জনসাধারণের আইসিবি সম্পর্কিত যে কোন অভিযোগ, অনুসন্ধান ও পরামর্শ থাকলে তা GRS ফোকাল পয়েন্টকে জানাতে পারেন।

**যোগাযোগের ঠিকানা:**

রিফাত আনোয়ার
GRS ফোকাল পয়েন্ট ও সহকারী মহাব্যবস্থাপক
ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট
বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক অ্যাভেনিউ, ঢাকা-১০০০।
e-mail : agm_discipline@icb.gov.bd
Phone No.: 9585092
Mobile : 01817085300

সুষ্ঠু ও স্থিতিশীল পুঁজিবাজার গঠনে আইসিবি এগিয়ে ...